

Leadership key for climate compatible dev: UK expert

Simon Maxwell, a leading international development policy expert, here on Saturday stressed the need for a bold leadership, designing right policies and implementing those for climate compatible development in Bangladesh and other countries, reports UNB.

'It [a country] has to include mitigation and adaptation to climate changes, and global transformation and at the same time it has to include Sustainable Development Goals (SDGs)... leadership is absolutely key, and policy design and implementation are needed (to deal all these things),' he said while delivering a lecture at a city hotel.

The Centre for Policy Dialogue

(CPD), a civil society think tank, arranged the CPD Anniversary Lecture 2015 on 'Climate Compatible Development: Pathway or Pipedream?'

Presided over by CPD chairman Prof Rehman Sobhan, the programme was moderated by CPD distinguished fellow Dr Debapriya Bhattacharya. Maxwell, also a senior research associate at the UK's leading independent think tank Overseas Development Institute (ODI), lauded the socio-economic development of Bangladesh and its leadership role in the international climate forum, including the climate vulnerable forum.

Talking about the SDGs, he suggested taking take SDGs seriously but not taking it absolutely and liter-

ally. But, he said, the poverty reduction and social inclusion goals of the agenda are non-negotiable ones.

He said climate compatible development offers a framework for thinking about the pathway for dealing with changes, while simultaneously achieving the poverty reduction and other targets embedded in the SDGs. Maxwell said climate compatible development emphasises not only mitigation and adaptation within countries, but also the impact on individual countries of transformation in the wider global economy. In this context, innovation becomes a key concept and competitiveness is an essential tool, he added.

Leadership key for climate compatible dev: UK expert

DHAKA : Simon Maxwell, a leading international development policy expert, here on Saturday stressed the need for a bold leadership, designing right policies and implementing those for climate compatible development in Bangladesh and other countries, reports UNB.

"It [a country] has to include mitigation and adaptation to climate changes, and global transformation and at the same time it has to include Sustainable Development Goals (SDGs)... leadership is absolutely key, and policy design and implementation are needed (to deal all these things)," he said while delivering a lecture at a city hotel.

The Centre for Policy Dialogue (CPD), a civil society think tank, arranged the CPD Anniversary Lecture 2015 on 'Climate Compatible Development: Pathway or Pipedream?'

Presided over by CPD chairman Prof Rehman

Sobhan, the programme was moderated by CPD distinguished fellow Dr Debapriya Bhattacharya.

Maxwell, also a senior research associate at the UK's leading independent think tank Overseas Development Institute (ODI), lauded the socio-economic development of Bangladesh and its leadership role in the international climate forum, including the climate vulnerable forum.

Talking about the SDGs, he suggested taking take SDGs seriously but not taking it absolutely and literally. But, he said, the poverty reduction and social inclusion goals of the agenda are non-negotiable ones.

He said climate compatible development offers a framework for thinking about the pathway for dealing with changes, while simultaneously achieving the poverty reduction and other targets embedded in the SDGs.

Maxwell said climate

compatible development emphasises not only mitigation and adaptation within countries, but also the impact on individual countries of transformation in the wider global economy. In this context, innovation becomes a key concept and competitiveness is an essential tool, he added.

Prof Rehman Sobhan praised Prime Minister Sheikh Hasina for her decision to construct the Padma Bridge with the country's own resources.

"The fund was allocated in the budget for Padma Bridge, when the World Bank withdrew its finance. The political challenge was made by the Prime Minister. They committed Tk 28000 crore to construct Padma Bridge," he said.


Rehman Sobhan, however, doubted whether Bangladesh would be able to do the same if the global community withdraws all assistances and does not invest any significant money

in mitigation and adaptation to climate change impacts.

Prof Sobhan found solving the problem of environmental pollution as a challenge for Bangladesh and added that the whole nation wants something to be done here, 'but it's a serious problem why nothing could be done'.

Citing the delay in tannery relocation from the capital's Hazaribagh, he said the drama is going on relocation of the Hazaribagh tanneries, while Hazaribagh is being polluted with effluents.

CPD Executive Director Dr Mustafizur Rahman delivered introductory speech at the function.



Professor Rehman Sobhan, chairman of Centre for Policy Dialogue (CPD), addresses a meeting on “Climate Compatible Development Pathway or Pipedream?” at the Westin hotel in the capital yesterday. INDEPENDENT PHOTO



Prime Minister Sheikh Hasina distributing 'Kazi Mahub Ullah Award' to an educationist at Shilpakola Academy in the capital on Saturday. Begum Jebunnesa and Kazi Mahub Ullah People Welfare Trust organised the function.

PHOTO : PMO

Right policies must for facing climate change challenges

Expert tells CPD anniv lecture

Staff Correspondent

The Executive Chairman of the UK-based Climate and Development Knowledge and Network, Simon Maxwell, on Saturday said that right policies and proper leadership should be adopted to face the challenges of climate change.

He made this comment at the Centre for Policy Dialogue Anniversary Lecture 2015 on 'Climate Compatible Development: Pathway or Pipedream' organised by CPD at a city hotel.

Talking about the impact of climate change he said that there are many reasons to be anxious about the impact of climate change on development.

"The impact of climate change on development will be enormous," he said.

Prof Rehman Sobhan, Chairperson of CPD, lauded Prime Minister Sheikh Hasina's bold leadership for her decision to start construction of the Padma Bridge relying on own budget, after the development partners withdrew assistance.

He, however, wondered whether Bangladesh would be able to do the same if it does not receive development challenges to overcome climate change impacts.

He expressed his concern over the pol-

lution in the four main Rivers around Dhaka City including Buriganga, Turag and others.

"I do not see any progress. I had observed green activists arranging rallies to save the river and today I can see the same. The issue is dragging on."

Fellow of CPD Debapriya Bhattacharya said tackling climate change requires innovating financing.

"We need innovating financing to face the worst impact of climate change," he said.

Last year about 195-nation UN Conference of Parties (COP 21) Paris summit approved, an accord aiming to limit global warming to less than 2 degrees Celsius after a two-week long gruelling negotiations.

The accord includes measures to peak greenhouse gas emission as soon as possible, to keep world temperature rise to "well below" 2 degrees Celsius and to strive to limit it to 1.5 degrees C, to review the progress every five years and US\$100 billion a year climate finance for developing countries.

There were cheers to greet the announcement of the adoption of the accord but murmurs of discontent and dissatisfaction was not very distant.

পদ্মা সেতুর রাজনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলায় প্রধানমন্ত্রী সফল

সিপিডির বার্ষিক বক্তৃতা অনুষ্ঠানে রেহমান সোবহান

নিজস্ব প্রতিবেদক ●


সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) চেয়ারম্যান ও অর্থনীতিবিদ অধ্যাপক রেহমান সোবহান বলেছেন, পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনেক বড় চ্যালেঞ্জ মোকাবিলা করেছেন। বিশ্ব ব্যাংক পদ্মা সেতুর অর্থায়ন থেকে সরে গেলেও বাংলাদেশ নিজস্ব বাজেট থেকে ২৮ হাজার কোটি টাকা দিয়ে পদ্মা সেতুর কাজ শুরু করেছে। শেখ হাসিনা এ ক্ষেত্রে রাজনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলা করতে সমর্থ হয়েছেন।

সিপিডির বার্ষিক বক্তৃতা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য উপস্থাপনের সময় রেহমান সোবহান এ কথা বলেন। গতকাল শনিবার রাজধানীর একটি অভিজাত হোটেলে সিপিডি এই বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করে। যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের (সিডিকেএন) নির্বাহী চেয়ারম্যান সাইমন ম্যাক্সওয়েল এতে একক বক্তৃতা করেন।

রেহমান সোবহান জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলাকে আরও অনেক বড় চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করেন। ধনী রাষ্ট্রগুলো জলবায়ু তহবিলে অর্থ না দিলে বাংলাদেশ নিজস্ব অর্থায়নে এই চ্যালেঞ্জ মোকাবিলা করবে কি না, তিনি সেই প্রশ্ন করেন।

রেহমান সোবহান আরও বলেন, 'আমরা গত ৩০ বছর ধরে বৃষ্টিগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি, কিন্তু দূষণ বন্ধ হয়নি। এখনো চলছে। হাজারীবাগ থেকে ট্যানারি সরানো নিয়ে আরেকটি নাটক আমরা দেখছি। অনেক বছর ধরে গুন্ডি হাজারীবাগ থেকে ট্যানারি অন্যত্র সরিয়ে নেওয়া হবে। ট্যানারিগুলোর বিষাক্ত বর্জ্য পরিশোধনের জন্য কেন্দ্রীয় বর্জ্য পরিশোধন যন্ত্র (ইটিপি) স্থাপন করা হবে। কিন্তু বাস্তবতা হচ্ছে ট্যানারি এখনো হাজারীবাগ থেকে সরেনি।'

রেহমান সোবহান বলেন, রাজধানীর পানিনিষ্কাশনের সব খাল ও জলাশয় দখল করে ভরাট করা হচ্ছে। রিয়েল এস্টেট কোম্পানিগুলো সেখানে



রাজধানীর একটি হোটেলে সিপিডি আয়োজিত একক বক্তৃতা অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন আন্তর্জাতিক সংস্থা সিডিকেএন-এর নির্বাহী চেয়ারম্যান সাইমন ম্যাক্সওয়েল। ছবিতে আরও আছেন (বাঁ থেকে) সিপিডির নির্বাহী পরিচালক মোস্তাফিজুর রহমান, চেয়ারম্যান রেহমান সোবহান ও বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য ● ছবি : প্রথম আলো

আবাসন গড়ে তুলছে। ঢাকার জমির দাম বেড়ে যাওয়ায় এবং রিয়েল এস্টেট কোম্পানিগুলোর তৎপরতায় এগুলো ঘটলেও তা নিয়ন্ত্রণে কোনো ব্যবস্থা আমরা দেখছি না। এই বিষয়গুলো বাংলাদেশের পরিবেশ রক্ষার অন্যতম প্রধান চ্যালেঞ্জ হিসেবে বর্ণনা করেন রেহমান সোবহান।

সাইমন ম্যাক্সওয়েল বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় সঠিক নেতৃত্ব, নীতি প্রণয়ন ও নীতির সঠিক বাস্তবায়ন জরুরি। 'ক্লাইমেট কম্পাটিবল ডেভেলপমেন্ট, পাথওয়ে অর পাইপড্রিম?' শীর্ষক বক্তৃতায় সাইমন প্যারিস সম্মেলনকে সফল হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, বিশ্বের ১৮৫টি দেশ কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্যমাত্রা দিয়েছে। প্রধান কার্বন নিঃসরণকারী দেশগুলোকে বর্তমান অঙ্গীকারের চেয়ে আরও বেশি কার্বন নিঃসরণ কমাতে হবে। বাংলাদেশের নেওয়া উদ্যোগের প্রশংসা করে তিনি বলেন, কৃষি বিশ্বের সবচেয়ে বড় কার্বন নিঃসরণকারী খাত। বাংলাদেশের

অর্থনীতি ও কর্মসংস্থান এখনো অনেকেংশে কৃষির ওপর নির্ভরশীল। ফলে বাংলাদেশকে কৃষিতে কম কার্বন নিঃসরণ হয় এমন ধরনের প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে।

প্রায় আড়াই ঘণ্টার এই অনুষ্ঠান সঞ্চালনা করেন সিপিডির বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য। দেশের জলবায়ু ও পরিবেশ বিশেষজ্ঞ, কূটনৈতিক, পরিবেশবাদী সংগঠন ও নাগরিক সংগঠনের প্রতিনিধিরা অনুষ্ঠানের প্রোগ্রামেরপর্বে অংশ নেন।

আলোচনার শেষ পর্যায়ে রেহমান সোবহান বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় জ্বালানি তেলের ব্যবহার কমানোর কথা বলা হচ্ছে। কারণ, এ থেকে অনেক বেশি কার্বন নিঃসরণ হয়। কিন্তু এখন বিশ্বে জ্বালানি তেলের দাম প্রতি ব্যারেল ৩০ ডলার এসে চেকেছে। এই দাম যদি ১০০ ডলার হতো, তাহলে তেলের ব্যবহার কমত। কিন্তু দাম ৩০ ডলার হলে এর ব্যবহার কতটুকু কমানো যাবে, সে ব্যাপারে সংশয় প্রকাশ করেন এই অর্থনীতিবিদ।

জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবিলা বড় চ্যালেঞ্জ : সিপিডি'র অনুষ্ঠানে রেহমান সোবহান

জাফর আহমদ : জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবিলা বাংলাদেশের জন্য বড় চ্যালেঞ্জ বলে মন্তব্য করেছেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) চেয়ারম্যান ও অর্থনীতিবিদ অধ্যাপক রেহমান সোবহান। তিনি বলেন, বিশ্বের ধনী দেশগুলো তহবিলে অর্থ না দিলে বাংলাদেশের নিজস্ব অর্থায়নে জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি সারিয়ে ওঠা চ্যালেঞ্জ হবে।

গতকাল রাজধানীর হোটেল ওয়েস্টিনে সিপিডি আয়োজিত 'জলবায়ু সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন : বাস্তব অথবা আবাস্তব?' এরপর পৃষ্ঠা ২, কলাম ৭



জলবায়ু পরিবর্তনজনিত

(প্রথম পৃষ্ঠার পর) শীর্ষক সংলাপে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সিপিডি'র বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন— যুক্তরাজ্যভিত্তিক ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যাঙ্কয়েল। এছাড়াও প্রমোত্তর পর্বে অংশ নেন জলবায়ু ও পরিবেশ বিশেষজ্ঞ, কূটনৈতিক, পরিবেশবাদী সংগঠন ও নাগরিক সংগঠনের প্রতিনিধিরা।

রেহমান সোবহান বলেন, আমরা গত ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি। কিন্তু দূষণ বন্ধ হয়নি। এখনও চলছে। হাজারীবাগ থেকে ট্যানারি সরানো নিয়ে আরেকটি নাটক আমরা দেখছি। ট্যানারিগুলো তাদের বর্জ্য ফেলে পরিবেশ দূষিত করছে। তাদের এখনও সরানো যাচ্ছে না। তিনি বলেন, বাংলাদেশের পরিবেশ রক্ষায় তিনটি বড় চ্যালেঞ্জ রয়েছে। এগুলো হচ্ছে— হাজারীবাগ থেকে ট্যানারি সরানো, বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা ও ঢাকা শহরের জলাশয়, খাল, দখল করে গড়ে ওঠা আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া।

রেহমান সোবহান বলেন, পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনেক সাহসের পরিচয় দিয়েছেন। বিশ্বব্যাপক অর্থায়ন করা থেকে সরে এলেও শেখ হাসিনা বাংলাদেশের নিজস্ব বাজেট থেকে টাকা বরাদ্দ দিয়ে কাজ শুরু করেছেন। তিনি এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে সমর্থ হয়েছেন। জলবায়ু ও পরিবেশ রক্ষাতেও শেখ হাসিনাকে সাহস দেখাতে হবে।

যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যাঙ্কয়েল বলেন, জলবায়ু পরিবর্তন সঠিক রাজনৈতিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও সম্পদের সঠিক বাস্তবায়ন করা জরুরি। তিনি বলেন, প্যারিস সম্মেলনে যা অর্জন হয়েছে তা অবশ্যই একটি বড় অর্জন। অল্পত একটি লক্ষ্য নির্ধারণ করা গেছে। কিন্তু তার ভিত্তিতে প্রত্যেক দেশের জন্য যা করণীয় তা এখনও স্পষ্ট না। তারপরও লক্ষ্য নির্ধারণ একটি বড় সাফল্য। এক্ষেত্রে বাংলাদেশের ভূমিকা ছিল প্রশংসারযোগ্য। সম্পাদনা : মোশাররফ বাবলু

বক্তৃতায় রেহমান সোবহান পদ্মা সেতু নির্মাণে প্রধানমন্ত্রী সাহসের পরিচয় দিয়েছেন

নিজস্ব প্রতিবেদক ●
বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার
ফর পলিসি ডায়ালগের (সিপিডি)
চেয়ারম্যান রেহমান সোবহান
বলেছেন, পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে
প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনেক সাহসের
পরিচয় দিয়েছেন। বিশুব্যাংক অর্থায়ন
করা থেকে সরে এলেও শেখ হাসিনা
বাংলাদেশের নিজস্ব বাজেট থেকে অর্থ
বরাদ্দ দিয়ে কাজ শুরু করেছেন। তিনি
একটি বড় চ্যালেঞ্জ মোকাবিলা করতে
সমর্থ হয়েছেন। এ সময় জলবায়ু
তহবিলেও প্রধানমন্ত্রী নিজস্ব অর্থায়নের
রাজনৈতিক চ্যালেঞ্জ নেবেন কিনা-
এমন প্রশ্ন এরপর পৃষ্ঠা ৯ কলাম ১



প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল জাতীয় শিল্পকলা একাডেমিতে বেগম জেবুন্নেছা ও কাজী মাহবুব উল্লাহ ট্রাস্ট আয়োজিত অনুষ্ঠানে কাজী মাহবুব উল্লাহ স্মৃতিপদক প্রদান করেন
● আমাদের সময়

সাংবাদিকদের ড. মিজান

পদ্মা সেতু নির্মাণে প্রধানমন্ত্রী সাহসের

(৩ এর পৃষ্ঠার পর) রাখেন রেহমান সোবহান।
গতকাল রাজধানীর হোটেল ওয়েস্টিনে সিপিডির বর্ষপূর্তি উপলক্ষে 'জলবায়ু
সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন : বাস্তব অথবা অবাস্তব?' শীর্ষক বক্তৃতায় তিনি এসব কথা বলেন।
এতে যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের
নির্বাহী প্রধান সাইমন ম্যাঙ্কয়েলও বক্তব্য দেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সিপিডির
বিশেষ ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য।
অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ব্র্যাকের চেয়ারপারসন স্যার ফজলে হাসান
আবেদ, সিপিডির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান, বিশিষ্ট জলবায়ু গবেষক
ড. সালিমুল হক, ড. আতিক রহমান, অ্যাকশান এইডের কান্ডি ডিরেক্টর ফারাহ কবীর
প্রমুখ।
রেহমান সোবহান বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবিলা আরও অনেক বড়
চ্যালেঞ্জ। বিশ্বের ধনী দেশগুলো জলবায়ু তহবিলে প্রতিশ্রুত অর্থ না দিলে বাংলাদেশ
নিজস্ব অর্থায়নে এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারবে কিনা, তা নিয়ে তিনি প্রশ্ন
তোলেন। বলেন, ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা হচ্ছে; কিন্তু
দূষণ এখনো অব্যাহত রয়েছে। আরেকটি নাটক আমরা দেখছি হাজারীবাগ থেকে
ঢানারি সরানো নিয়ে। ঢানারিগুলো তাদের বর্জ্য ফেলে পরিবেশ দূষণ করছে। তাদের
এখনো সরানো যাচ্ছে না। ঢাকা শহরের জলাশয় ও খাল দখল করে আবাসন হচ্ছে।
এ নিয়েও কিছু করা যাচ্ছে না। বাংলাদেশের পরিবেশের জন্য এই তিনটি বিষয় বড়
চ্যালেঞ্জ।
ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন
ম্যাঙ্কয়েল স্থায়িত্বশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জলবায়ু পরিবর্তন মোকাবিলায় তিনটি
বিষয়ের ওপর জোর দেন। তিনি বলেন, সঠিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও তার
সঠিক বাস্তবায়ন না হলে কোনো উন্নয়নই স্থায়িত্বশীল হয় না। প্যারিসে বিশ্বের ১৯৫টি
দেশ তার কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্যমাত্রা দিয়েছে। যদিও তা কঠোর সফল হবে,
তা রাষ্ট্রগুলোর সদিচ্ছার ওপর নির্ভর করবে। তারপরও লক্ষ্য নির্ধারণ একটি বড়
সাফল্য। এক্ষেত্রে বাংলাদেশের ভূমিকা ছিল প্রশংসারযোগ্য।
সাইমন বলেন, উন্নয়ন মানেই একপক্ষ সুবিধা ভোগ করবে এবং অন্য পক্ষ
ক্ষতিগ্রস্ত হবে। এই দুপক্ষের মধ্যে ভারসাম্য করাই থিৎক ট্যাংকদের কাজ। জলবায়ু
পরিবর্তনের প্রভাব মোকাবিলার দায়িত্ব বেসরকারি খাতকে নিতে হবে।

ট্যানারি সরানো নিয়ে আরেকটি নাটক

হচ্ছে রেহমান সোবহান

অর্থনৈতিক রিপোর্টার

বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)-এর চেয়ারম্যান ও অর্থনীতিবিদ প্রফেসর রেহমান সোবহান বলেছেন, আমরা গত ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি। কিন্তু দূষণ বন্ধ

পৃঃ ৫ কঃ ৬

ট্যানারি সরানো নিয়ে প্রথম পৃষ্ঠার পর

হয়নি। এখনো চলছে। হাজারীবাগ থেকে ট্যানারি সরানো নিয়ে আরেকটি নাটক আমরা দেখছি। ট্যানারিগুলো তাদের বর্জ্য ফেলে পরিবেশ দূষিত করছে। কিন্তু তাদের এখনো সরানো যাচ্ছে না। গতকাল (শনিবার) রাজধানীর ওয়েস্টিন হোটেল সিপিডি আয়োজিত 'জলবায়ু সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন: বাস্তব অথবা আবাস্তব?' শীর্ষক বার্ষিক বক্তৃতায় তিনি এ সব কথা বলেন।

রেহমান সোবহান বলেন, বাংলাদেশের পরিবেশ রক্ষায় তিনটি বড় চ্যালেঞ্জ রয়েছে। এগুলো হচ্ছে- হাজারীবাগ থেকে ট্যানারি সরানো, বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা ও ঢাকা শহরের জলাশয়, খাল দখল করে গড়ে ওঠা আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া।

তিনি বলেন, পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনেক সাহসের পরিচয় দিয়েছেন। বিশ্বব্যাংক অর্থায়ন করা থেকে সরে এলেও শেখ হাসিনা বাংলাদেশের নিজস্ব বাজেট থেকে টাকা বরাদ্দ দিয়ে কাজ শুরু করেছেন। তিনি এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে সমর্থ হয়েছেন।

জলবায়ু পরিবর্তন মোকাবিলা করা আরও অনেক বড় চ্যালেঞ্জ উল্লেখ করে রেহমান সোবহান বলেন, বিশ্বের ধনী রষ্ট্রগুলো জলবায়ু তহবিলে অর্থ না-দিলে বাংলাদেশ নিজস্ব অর্থায়নে এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারবে কিনা তিনি সে প্রশ্নও তোলেন। যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যান্ড্লে বলেন, জলবায়ু

পরিবর্তন মোকাবিলায় তিনটি বিষয় সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ জন্য সঠিক রাজনৈতিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও সম্পদের সঠিক বাস্তবায়ন করা। সাইমন বলেন, প্যারিস সম্মেলনে যা অর্জন হয়েছে তা অবশ্যই একটি বড় অর্জন। অন্তত একটি লক্ষ্য নির্ধারণ করা গেছে। কিন্তু তার ভিত্তিতে প্রত্যেক দেশের জন্য যা করণীয় তা এখনো স্পষ্ট না। তারপরও লক্ষ্য নির্ধারণ একটি বড় সাফল্য। এক্ষেত্রে বাংলাদেশের জমিকা ছিল প্রশংসাযোগ্য। তিনি বলেন, আগামীতে লক্ষ্যভুলো বাস্তবায়ন কীভাবে হবে এখন দেখার বিষয়। পরিবেশ পরিবর্তনের কারণে উন্নয়নের ইয়াটি এখন সবাই টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজিএর) মধ্য দিয়ে চিন্তা করছে। কিন্তু এসডিজি দিয়ে চিন্তা করলে জলবায়ু পরিবর্তনের বিষয় সম্পূর্ণভাবে মোকাবিলা করা সম্ভব নাও হতে পারে।

তিনি আরও বলেন, বাংলাদেশের জন্য জলবায়ু সমস্যার বড় সমস্যা হলো পরিবেশ দূষণ। এক্ষেত্রে বাংলাদেশের মতো দেশগুলো বাইরের অর্থ পাওয়ার ক্ষেত্রে চাপের মধ্যে পড়বে। কারণ পরিবেশ দূষণের জন্য অর্থ চাইলে অর্থদাতারা বলতে পারে এটি তো জলবায়ুর সমস্যা না। অনুষ্ঠান সম্বালনা করেন সিপিডির বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য। এ ছাড়া দেশের জলবায়ু ও পরিবেশ বিশেষজ্ঞ, কূটনৈতিক পল্লিবিশ্ববাদী সংগঠন ও ন্যায়িক সংগঠনের প্রতিনিধিরা প্রশ্নোত্তরপর্বে অংশ নেন।

বড় চ্যালেঞ্জ পদ্মা সেতু ট্যানারি বুড়িগঙ্গা

বেসরকারি গবেষণা সংস্থা সিপিডির চেয়ারম্যান বিশিষ্ট অর্থনীতিবিদ ড. রেহমান সোবহান বলেছেন, বাংলাদেশের পরিবেশ রক্ষায় প্রধানত তিনটি চ্যালেঞ্জ রয়েছে। এর মধ্যে প্রথমটি ট্যানারি শিল্প স্থানান্তর। বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা এবং অবৈধ আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়াও অন্যতম চ্যালেঞ্জ। হাজারীবাগ থেকে ট্যানারি শিল্প স্থানান্তর প্রক্রিয়া দীর্ঘদিন আগে শুরু হলেও অগ্রগতি এরপর পৃষ্ঠা ৭ কলাম ৪



বড় চ্যালেঞ্জ পদ্মা

[প্রথম পৃষ্ঠার পর] আশাব্যঞ্জক নয়। এটি নিয়ে এখন নাটক মঞ্চস্থ হচ্ছে। তিনি বলেন, বুড়িগঙ্গা নদীর দূষণ যে পর্যায়ে পৌঁছেছে, এতে ঢাকার জীবনযাত্রা প্রচণ্ড হুমকির মুখে। আর যত্রতত্র ইচ্ছামতো আবাসন অবকাঠামো ঢাকাসহ সারা দেশকে বসবাসের অনুপযোগী করে তুলছে। তিনি বলেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে বড় সমস্যা নেতৃত্বের। শক্তিশালী নেতৃত্বের মাধ্যমেই এ কর্মসূচি বাস্তবায়ন সম্ভব। এ ক্ষেত্রে জলবায়ু-সহায়ক কর্মসূচি হাতে নিতে হবে। সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) প্রতিষ্ঠাবার্ষিকীর গণবক্তৃতায় ড. রেহমান সোবহান এসব কথা বলেন। তার এ বক্তব্যের সঙ্গে অন্য বক্তারাও একমত পোষণ করেন। রাজধানীর একটি হোটেলে এ গণবক্তৃতার আয়োজন করা হয়। ড. রেহমান সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন যুক্তরাজ্যভিত্তিক সংগঠন ক্লাইমট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্ক (সিডিকেএন) নির্বাহী চেয়ারম্যান সাইমন ম্যাক্সওয়েল। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিপিডির সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য্য ও নির্বাহী পরিচালক ড. মুস্তাফিজুর রহমান। সিপিডি চেয়ারম্যান বলেন, '৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি। কিন্তু দূষণ বন্ধ হয়নি। এ ছাড়া ঢাকা শহরের জলাশয়, খাল দখল করে আবাসন হচ্ছে। এ নিয়েও আমরা কিছু করতে পারছি না।' তার মতে, এ ক্ষেত্রে সাহসী নেতৃত্ব ও প্রতিশ্রুতি জরুরি। ড. রেহমান সোবহান বলেন, পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী অনেক সাহস দেখিয়েছেন। বিশ্বব্যাংক অর্থায়ন থেকে সরে যাওয়ায় শেখ হাসিনা বাংলাদেশের নিজস্ব বাজেট থেকে টাকা বরাদ্দ দিয়ে কাজ শুরু করেছেন। তিনি এ চ্যালেঞ্জ মোকাবিলা করতে

সমর্থ হয়েছেন। এমতাবস্থায় জলবায়ু পরিবর্তন রোধে গঠিত তহবিল থেকে যদি দাতারা অর্থছাড় না করে, তাহলে প্রধানমন্ত্রী এ ক্ষেত্রেও একই চ্যালেঞ্জ নিতে পারবেন কি না সংশয় রয়েছে। তিনি বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবিলা আরও অনেক বড় চ্যালেঞ্জ। উপকূলীয় দেশ হওয়ায় বাংলাদেশ বেশি ঝুঁকিতে রয়েছে। তবে এ ক্ষেত্রে চ্যালেঞ্জের ধরনটি ভিন্ন। এখানে বড় সমস্যা অর্থায়ন। কারণ বড় দেশগুলো প্রতিশ্রুতি দিয়েও টাকা দেয় না। আর ধনী দেশগুলো জলবায়ু তহবিলে অর্থ না দিলে বাংলাদেশকে নিজস্ব অর্থায়নে এ চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। এটি খুবই কঠিন। সাইমন ম্যাক্সওয়েল বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় প্রধানত তিনটি বিষয়কে বেশি গুরুত্ব দিতে হবে। এগুলো হচ্ছে—সঠিক নেতৃত্ব, নীতি প্রণয়ন ও এর সঠিক বাস্তবায়ন। তিনি বলেন, ১৯৯০ সালে বিশ্বে অতিদরিদ্র মানুষের সংখ্যা ছিল ১৯২ কোটি। ১৯৯৯ সালে ১৭৫ কোটিতে নেমে আসে। বর্তমানে তা মাত্র ৮৩ কোটি। বিপুল দরিদ্র জনশক্তি নিয়ে ২০৩০ সালের মধ্যে অন্তর্ভুক্তিমূলক উন্নত জীবন যাপনের স্বপ্ন দেখছে বিশ্ব। সম্মিলিতভাবে এ কর্মসূচির নাম টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)। তবে এ ক্ষেত্রে নেতৃত্বের চ্যালেঞ্জ সবচেয়ে বড়। সাইমন বিশ্বের স্থায়িত্বশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সঠিক নেতৃত্ব, নীতি প্রণয়ন ও এর সঠিক বাস্তবায়নের ওপর জোর দেন। সাইমন জলবায়ু সম্মেলনকে সফল উল্লেখ করে বলেন, এতে বিশ্বের ১৮৫টি দেশ কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্যমাত্রা দিয়েছে। তবে এটি কতটুকু সফল হবে, তা নির্ভর করছে রাষ্ট্রগুলোর সদিচ্ছার ওপর।

—নিজস্ব প্রতিবেদক

পরিবেশ রক্ষায় বড় চ্যালেঞ্জ ট্যানারি বুড়িগঙ্গা ও আবাসন

স্টাফ রিপোর্টার : বাংলাদেশের পরিবেশ রক্ষায় তিনটি বিষয়কে বড় চ্যালেঞ্জ হিসেবে চিহ্নিত করেছেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক রেহমান সোবহান। এগুলো হচ্ছে, হাজারীবাগ থেকে ট্যানারি সরানো, বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা ও ঢাকা শহরের জলাশয়, খাল, দখল করে গড়ে ওঠা আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া। গতকাল শনিবার রাজধানীর একটি হোটеле বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত এক বক্তৃতায় রেহমান সোবহান এ কথা বলেন। সেখানে যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যাক্সুয়েল বক্তব্য দেন। তিনি জলবায়ু পরিবর্তন মোকাবিলায় তিনটি গুরুত্বপূর্ণ বিষয়ের কথা উল্লেখ করেন। অনুষ্ঠানে সিপিডির বার্ষিক বক্তৃতা ২০১৫ এর অংশ হিসেবে তিনি বাংলাদেশে এসেছেন।

সভাপতির বক্তব্যে রেহমান সোবহান বলেন, পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনেক সাহসের পরিচয় দিয়েছেন। বিশ্বব্যাংক অর্থায়ন করা থেকে সরে এলেও শেখ হাসিনা বাংলাদেশের নিজস্ব বাজেট থেকে টাকা বরাদ্দ দিয়ে কাজ শুরু করেছেন। তিনি এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে সমর্থ হয়েছেন। এ প্রসঙ্গে রেহমান সোবহান জলবায়ু পরিবর্তন মোকাবিলাকে আরও অনেক

বড় চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করেন। বিশ্বের ধনী রপ্তাগুলো জলবায়ু তহবিলে অর্থ না দিলে বাংলাদেশ নিজস্ব অর্থায়নে এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারবে কিনা, তিনি সে প্রশ্ন তোলেন। রেহমান সোবহান আরও বলেন, আমরা গত ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা

পদ্মা সেতু
নির্মাণে শেখ
হাসিনা অনেক
সাহসিকতার
পরিচয়
দিয়েছেন

-রেহমান সোবহান

বলছি, কিন্তু দূষণ বন্ধ হয়নি। এখনো চলছে। হাজারীবাগ থেকে ট্যানারি সরানো নিয়ে আরেকটি নাটক আমরা দেখছি। ট্যানারিগুলো তাদের বর্জ্য ফেলে পরিবেশ দূষিত করছে। তাদের এখনো সরানো যাচ্ছে না। ঢাকা

শহরের জলাশয়, খাল, দখল করে আবাসন হচ্ছে। এ নিয়েও আমরা কিছু করতে পারছি না। বাংলাদেশের পরিবেশের জন্য এই তিনটি বিষয় বড় চ্যালেঞ্জ। জলবায়ু পরিবর্তন মোকাবিলা করা আরও অনেক বড় চ্যালেঞ্জ উল্লেখ করে রেহমান সোবহান বলেন, বিশ্বের ধনী রপ্তাগুলো জলবায়ু তহবিলে অর্থ না দিলে বাংলাদেশ নিজস্ব অর্থায়নে এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারবে কিনা, তিনি সে প্রশ্নও তোলেন। যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যাক্সুয়েল বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় তিনটি বিষয় সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ জন্য সঠিক রাজনৈতিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও সম্পদের সঠিক ব্যবস্থাপনা করা। সাইমন বলেন, প্যারিস সম্মেলনে যা অর্জন হয়েছে, তা অবশ্যই একটি বড় অর্জন। অসুত একটি লক্ষ্য নির্ধারণ করা গেছে। কিন্তু তার ভিত্তিতে প্রত্যেক দেশের জন্য যা করণীয় তা এখনো স্পষ্ট না। তারপরও লক্ষ্য নির্ধারণ একটি বড় সাফল্য। এক্ষেত্রে বাংলাদেশের ভূমিকা ছিল প্রশংসনীয়। তিনি বলেন, আগামীতে লক্ষ্যগুলো বাস্তবায়ন কিভাবে হবে এখন দেখার বিষয়। পরিবেশ পরিবর্তনের কারণে উন্নয়নের ইচ্ছাটি এখন সবাই টিকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজিএর) এরপর পৃষ্ঠা ২ কলাম ১

পরিবেশ রক্ষায় বড়


শেষ পৃষ্ঠার পর : মধ্য দিয়ে চিন্তা করছে। কিন্তু এসডিজি দিয়ে চিন্তা করলে জলবায়ু পরিবর্তনের বিষয় সম্পূর্ণভাবে মোকাবিলা করা সম্ভব নাও হতে পারে। এ জন্য রাজনৈতিক নেতৃত্ব বিশেষ গুরুত্বপূর্ণ উল্লেখ করে সাইমন বলেন, সফলতার জন্য সঠিক রাজনৈতিক নেতৃত্ব অবশ্যই লাগবে। কারণ অনেক সময় দেখা যায় অনেক ভালো বিষয়ও সঠিক রাজনৈতিক নেতৃত্ব না থাকার কারণে সফলতার মুখ দেখতে পারে না। একই সঙ্গে সম্পদের বিষয়টিও গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে বেসরকারি বিনিয়োগকারীদের সম্পৃক্ত করা যেতে পারে। তিনি আরও বলেন, বাংলাদেশের জন্য জলবায়ু সমস্যার বড় সমস্যা হলো পরিবেশ দূষণ। এক্ষেত্রে বাংলাদেশের মতো দেশগুলো বাইরের অর্থ পাওয়ার ক্ষেত্রে চাপের মধ্যে পড়বে। কারণ পরিবেশ দূষণের জন্য অর্থ চাইলে অর্থদাতারা বলতে পারে এটি তো জলবায়ুর সমস্যা না।

প্যারিসে অনুষ্ঠিত জলবায়ু সম্মেলন সফল হয়েছে উল্লেখ করে তিনি বলেন, এতে অন্তর্ভুক্ত ১৮৫টি দেশ তার কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্যমাত্রা দিয়েছে। তবে তা কতটুকু সফল হবে, তা সংশ্লিষ্ট দেশগুলোর নীতি ও সিদ্ধান্তের ওপর নির্ভর করবে। জলবায়ু সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে উন্নত ও উন্নয়নশীল দেশগুলোকে তাদের উৎপাদন কাঠামোর পরিবর্তনের পাশাপাশি বিভিন্ন খাতে দেয়া প্রণোদনাত্মক ব্যাপক পরিবর্তন আনতে হবে। জলবায়ু পরিবর্তন মোকাবিলা এবং সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন অনেক ক্ষেত্রেই সাংঘর্ষিক উল্লেখ করে এই গবেষক বলেন, পরিবেশ রক্ষা এবং ক্রমবর্ধমান উৎপাদন অবশ্যই সাংঘর্ষিক। তবে বিশ্ব নেতৃত্বের প্রতিশ্রুতি থাকলে সামঞ্জস্যপূর্ণ উৎপাদন কাঠামো তৈরি সম্ভব। তাছাড়া বৈশ্বিক জলবায়ু পরিবর্তন এমন এক জায়গায় এসে দাঁড়িয়েছে যে, গোটা বিশ্ব নেতৃত্ব একসাথে কাজ না করলে তা মোকাবিলা করা প্রায় অসম্ভব। উন্নত দেশগুলোকে এই সমস্যাটা অর্জনে অগ্রণী ভূমিকা রাখার আহ্বান জানিয়ে ম্যাক্সুয়েল বলেন, এক্ষেত্রে অনুন্নত বা উন্নয়নশীল দেশগুলোর ক্ষেত্রে কেবল ক্ষতিপূরণ দাবি করে দায়িত্ব এড়িয়ে গেলে চলবে না। অনুন্নত, উন্নয়নশীল দেশগুলোকে তাদের সীমিত সম্পদ নিয়ে তুলনামূলক অংশীদার হতে হবে। নিজেরা সোলার প্যানেল বসানোর আগে বাণিজ্যিকভাবে চীনের সোলার প্যানেল বিপণনের উদাহরণ টেনে ম্যাক্সুয়েল বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বিষয়টিকে একটি সঙ্কট হিসেবে দেখলে চলবে না, এর মাঝে সম্ভাবনাকেও আমাদের খুঁজে বের করতে হবে। আর এ জায়গাটিতেই বেসরকারি অর্থনৈতিক খাতের যথেষ্ট সুযোগ রয়েছে বলে মনে করেন এই গবেষক।

জলবায়ু পরিবর্তনেও প্রধানমন্ত্রী চ্যালেঞ্জ

নেবেন কি?

রেহমান সোবহানের প্রশ্ন



কাগজ প্রতিবেদক : পরিবেশ রক্ষণ জলবায়ুর প্রকট মোকাবেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পদ্মা সেতু প্রকল্পের

মতো নিজস্ব অর্থায়নের রাজনৈতিক চ্যালেঞ্জ নেবেন কি না - সে প্রশ্ন করেছেন বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) চেয়ারম্যান ও অর্থনীতিবিদ অধ্যাপক রেহমান সোবহান। তিনি বলেছেন, পদ্মা সেতু প্রকল্প থেকে অর্থায়নকারী প্রতিষ্ঠান বিশ্ব ব্যাংককে বাদ দিয়ে প্রধানমন্ত্রী ২৮ হাজার কোটি টাকা বরাদ্দ দিয়ে নিজস্ব অর্থায়নে কাজ শুরু করে একটি রাজনৈতিক চ্যালেঞ্জ জিতেছেন। এমতাবস্থায় জলবায়ু পরিবর্তন রোধে গঠিত

➤ এরপর-পৃষ্ঠা ৩ কলাম ৬

● প্রথম পাতার পর

তহবিল থেকে যদি দাতারা অর্থছাড় না করে, তাহলে প্রধানমন্ত্রী এক্ষেত্রেও কি একই চ্যালেঞ্জ নিতে পারবেন? গতকাল শনিবার রাজধানীর ওয়েস্টিন হোটেল সিপিডি আয়োজিত জলবায়ু সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন বাস্তব অথবা অবাস্তব, শীর্ষক বার্ষিক বক্তৃতায় তিনি এ প্রশ্ন উত্থাপন করেন। সিপিডির বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্যের সঞ্চালনায় দেশের জলবায়ু ও পরিবেশ বিশেষজ্ঞ, কূটনৈতিক পরিবেশবাদী সংগঠন ও নাগরিক সংগঠনের প্রতিনিধিরা প্রশ্নোত্তরপর্বে অংশ নেন।

অধ্যাপক রেহমান সোবহান বলেন, আমরা গত ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি। কিন্তু দূষণ বন্ধ হয়নি। এখনো চলছে। হাজারীবাগ থেকে ট্যানারি সরানো নিয়ে আরেকটি নাটক আমরা দেখছি। ট্যানারিগুলো তাদের বর্জ্য ফেলে পরিবেশ দূষিত করছে। তাদের এখনো সরানো যাচ্ছে না।

তিনি বলেন, বাংলাদেশের পরিবেশ রক্ষায় তিনটি বড় চ্যালেঞ্জ রয়েছে। এগুলো হলো- হাজারীবাগ থেকে ট্যানারি সরানো, বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা ও ঢাকা শহরের জলাশয়, খাল, দখল করে গড়ে ওঠা আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া।

তিনি বলেন, পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনেক সাহসের পরিচয় দিয়েছেন। বিশ্বব্যাংক অর্থায়ন করা থেকে সরে এলেও শেখ হাসিনা বাংলাদেশের নিজস্ব বাজেট থেকে টাকা বরাদ্দ দিয়ে কাজ শুরু করেছেন।

তিনি এই চ্যালেঞ্জ মোকাবেলা করতে সমর্থ হয়েছেন। জলবায়ু পরিবর্তন মোকাবেলা করা আরো অনেক বড় চ্যালেঞ্জ। বিশ্বের ধনী রাষ্ট্রগুলো জলবায়ু তহবিলে অর্থ না দিলে বাংলাদেশ নিজস্ব অর্থায়নে এই চ্যালেঞ্জ মোকাবেলা করতে পারবে কিনা তিনি সে প্রশ্নও তোলেন।

যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্লাইমেট এন্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যাক্সুয়েল বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবেলায় তিনটি বিষয় সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ জন্য সঠিক রাজনৈতিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও সম্পদের সঠিক বাস্তবায়ন করা। তিনি বলেন, প্যারিস সম্মেলনে যা অর্জন হয়েছে তা অবশ্যই একটি বড় অর্জন। অন্তত একটি লক্ষ্য নির্ধারণ করা গেছে।


কিন্তু তার ভিত্তিতে প্রত্যেক দেশের জন্য যা করণীয় তা এখনো স্পষ্ট না। তারপরও লক্ষ্য নির্ধারণ একটি বড় সাফল্য। এক্ষেত্রে বাংলাদেশের ভূমিকা ছিল প্রশংসায়োগ্য।

তিনি বলেন, আগামীতে লক্ষ্যগুলো বাস্তবায়ন কীভাবে হবে এখন দেখার বিষয়। পরিবেশ পরিবর্তনের কারণে উন্নয়নের ইস্যুটি এখন সবাই টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) মধ্য দিয়ে চিন্তা করছে। কিন্তু এসডিজি দিয়ে চিন্তা করলে জলবায়ু পরিবর্তনের বিষয় সম্পূর্ণভাবে মোকাবেলা করা সম্ভব নাও হতে পারে।

এ জন্য রাজনৈতিক নেতৃত্ব বিশেষ গুরুত্বপূর্ণ উল্লেখ করে সাইমন বলেন, সফলতার জন্য সঠিক রাজনৈতিক নেতৃত্ব অবশ্যই লাগবে। কারণ অনেক সময় দেখা যায় অনেক ভালো বিষয়ও সঠিক রাজনৈতিক নেতৃত্ব না থাকার কারণে সফলতার মুখ দেখতে পারে না।

একই সঙ্গে সম্পদের বিষয়টিও গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে বেসরকারি বিনিয়োগকারীদের সম্পৃক্ত করা যেতে পারে।

তিনি আরো বলেন, বাংলাদেশের জন্য জলবায়ু সমস্যার বড় সমস্যা হলো পরিবেশ দূষণ। এক্ষেত্রে বাংলাদেশের মতো দেশগুলো বাইরের অর্থ পাওয়ার ক্ষেত্রে চাপের মধ্যে পড়বে। কারণ পরিবেশ দূষণের জন্য অর্থ চাইলে অর্থদাতারা বলতে পারে এটি তো জলবায়ুর সমস্যা না।



শনিবার রাজধানীর একটি হোটেলে সিপিডি আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন অধ্যাপক রেহমান সোবহান -যায়যায়দিন

পরিবেশ রক্ষায় তিন চ্যালেঞ্জ ট্যানারি, বুড়িগঙ্গা ও আবাসন সিপিডি আয়োজিত বক্তৃতায় রেহমান সোবহান

যায়যায়দিন রিপোর্ট

বাংলাদেশের পরিবেশ রক্ষায় তিনটি বিষয়কে বড় চ্যালেঞ্জ হিসেবে চিহ্নিত করেছেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক রেহমান সোবহান। এগুলো হচ্ছে, হাজারীবাগ থেকে ট্যানারি সরানো, বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা ও ঢাকা শহরের জলাশয়, খাল, দখল করে গড়ে ওঠা আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া। শনিবার রাজধানীর একটি হোটেলে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত এক বক্তৃতায় রেহমান সোবহান এ কথা বলেন। সেখানে যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্লাইমিট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যাগ্নয়েল বক্তব্য রাখেন। তিনি জলবায়ু পরিবর্তন মোকাবেলায় তিনটি গুরুত্বপূর্ণ বিষয়ের কথা উল্লেখ করেন। অনুষ্ঠানে সিপিডির বার্ষিক বক্তৃতা ২০১৫ এর অংশ হিসেবে তিনি বাংলাদেশে এসেছেন।

সভাপতির বক্তব্যে রেহমান সোবহান বলেন, পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনেক সাহসের পরিচয় দিয়েছেন। বিশ্বব্যাংক অর্থায়ন করা থেকে সরে এলেও শেখ হাসিনা বাংলাদেশের নিজস্ব বাজেট থেকে টাকা বরাদ্দ দিয়ে কাজ শুরু করেছেন। তিনি এই চ্যালেঞ্জ মোকাবেলা করতে সমর্থ হয়েছেন।

এ প্রসঙ্গে রেহমান সোবহান জলবায়ু পরিবর্তন মোকাবেলাকে আরো অনেক বড় চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করেন। বিশ্বের ধনী

রাষ্ট্রগুলো জলবায়ু তহবিলে অর্থ না দিলে বাংলাদেশ নিজস্ব অর্থায়নে এই চ্যালেঞ্জ মোকাবেলা করতে পারবে কিনা, তিনি সে প্রশ্ন তোলেন।

রেহমান সোবহান বলেন, 'আমরা গত ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি, কিন্তু দূষণ বন্ধ হয়নি। এখনো চলছে। হাজারীবাগ থেকে ট্যানারি সরানো নিয়ে আরেকটি নাটক আমরা দেখছি। ট্যানারিগুলো তাদের বর্জ্য ফেলে পরিবেশ দূষিত করছে। তাদের এখনো সরানো যাচ্ছে না। ঢাকা শহরের জলাশয়, খাল, দখল করে আবাসন হচ্ছে। এ নিয়েও আমরা কিছু করতে পারছি না। বাংলাদেশের পরিবেশের জন্য এই তিনটি বিষয় বড় চ্যালেঞ্জ।'

যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্লাইমিট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যাগ্নয়েল বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবেলায় তিনটি বিষয় সর্বাধিক গুরুত্বপূর্ণ। এ জন্য সঠিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও তার সঠিক বাস্তবায়ন দরকার।

সাইমন বিশ্বের স্থায়িত্বশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় এ তিনটি বিষয়ের ওপর জোর দিয়েছেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সিপিডির বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য। এ ছাড়া দেশের জলবায়ু ও পরিবেশ বিশেষজ্ঞ, কূটনৈতিক পরিবেশবাদী সংগঠন ও নাগরিক সংগঠনের প্রতিনিধিরা প্রশ্নোত্তরপর্বে অংশ নেন।

te Compatible Development Pathway or Pinedam?



CENTRE FOR
B A N
a civil

Thursday 16 January 2016
The Austin Dhaka, Bangladesh



রাজধানীর একটি হোটেলে গতকাল 'ক্লাইমেট কম্পিটিবল ডেভেলপমেন্ট : পাথওয়ে অ্যান্ড পাইপড্রিম' শীর্ষক বার্ষিক বক্তৃতার আয়োজন করে সিপিডি ছবি : নিজস্ব আলোকচিত্রী

সিপিডির বার্ষিক বক্তৃতায় সাইমন ম্যাক্সওয়েল

প্রবৃদ্ধি নয়, উন্নয়নের লক্ষ্য

সামাজিক ন্যায়বিচার ও সমতা

নিজস্ব প্রতিবেদক ■

প্রবৃদ্ধি উন্নয়নের একটি উপাদান। এটি (প্রবৃদ্ধি) উন্নয়নের একমাত্র লক্ষ্য নয়। উন্নয়নের মূল লক্ষ্য হলো সামাজিক ন্যায়বিচার ও সমতা প্রতিষ্ঠা করা। আর টেকসই উন্নয়নের সঙ্গে জলবায়ু পরিবর্তন সম্পর্কযুক্ত। কৃষি, শিল্প, সরকারি ও বেসরকারি খাতের উন্নয়নে এ বিষয়গুলো বিবেচনায় রাখতে হবে। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত বার্ষিক বক্তৃতা ২০১৫-এর বক্তা যুক্তরাজ্যভিত্তিক ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী চেয়ার ও ইউরোপিয়ান থিংক ট্যাংক গ্রুপের চেয়ার সাইমন ম্যাক্সওয়েল এসব কথা বলেন। গতকাল শনিবার রাজধানীর একটি হোটেলে 'ক্লাইমেট কম্পিটিবল ডেভেলপমেন্ট : পাথওয়ে অ্যান্ড পাইপড্রিম' শীর্ষক বার্ষিক বক্তৃতার আয়োজন করে সিপিডি।

মূল বক্তা হিসেবে অনুষ্ঠানে যোগ দিয়ে এসডিজি, প্যারিস জলবায়ু সম্মেলন, উন্নয়নে নীতি নির্ধারণী মহল, থিংক ট্যাংক ও বেসরকারি খাতের ভূমিকা নিয়েও আলোচনা করেন সাইমন ম্যাক্সওয়েল। তিনি বলেন, এসডিজি গ্রহণ ও কোপ ২১-এর চূড়ান্ত ঘোষণা এক ধরনের নতুন উদ্যোগকে জরুরি করে তুলেছে। এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে ২০৩০ সালের মধ্যে দারিদ্র্য শূন্যের কোটায় নামিয়ে আনতে হবে। আর কার্বন নিঃসরণ শূন্যের কোটায় আনতে হবে ২০৭০ সালের মধ্যে।

সাইমন ম্যাক্সওয়েল বলেন, জলবায়ুর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন মূল ধারায় আনতে হবে। এর জন্য কৃষি থেকে যাতে কার্বন নিঃসরণ না হয়, টেকসই জ্বালানি যাতে নিশ্চিত করা যায়, শহরে

টেকসই নির্মাণ, গ্রিন আর্থিক নীতি গ্রহণ, থিংক ট্যাংকদের সঙ্গে মিলে আইন ও সংসদের কার্যক্রম এগিয়ে নেয়া, জলবায়ু তহবিল ও আর্থিক ব্যবস্থা সহজীকরণের বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে বিবেচনায় নিতে হবে।

উন্নয়নে সরকারের পাশাপাশি বেসরকারি খাতের করণীয় রয়েছে বলে মন্তব্য করে তিনি বলেন, প্যারিস সম্মেলনে বেসরকারি খাত নতুন প্রযুক্তি আয়ত্ত করার উৎসাহ পেয়েছে। বেসরকারি খাত প্রবৃদ্ধির ইঞ্জিন। বেসরকারি খাতের সামাজিক দায়বদ্ধতা থাকতে হবে। সামাজিক ও পরিবেশগত বিষয়গুলো বিবেচনায় নিয়েই বেসরকারি খাতকে চলতে হবে। তবে বাস্তবতা হচ্ছে তারা কখনো সেভাবে চলে, আবার কখনো চলে না। উদাহরণ হিসেবে তিনি বলেন, গ্রিন এনার্জির কথা বলে চায়না লাখ লাখ ইউনিট সোলার সিস্টেম রফতানি করেছে। সেখান থেকে মুনাফা করেছে। কিন্তু প্রথমে তারা নিজের দেশে ব্যবহারের আগেই রফতানি করেছে।

সিপিডির চেয়ারম্যান রেহমান সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিপিডির সম্মানিত ফেলো দেবপ্রীয়া ভট্টাচার্য, নির্বাহী পরিচালক মুস্তাফিজুর রহমান।

সভাপতির বক্তব্যে অধ্যাপক রেহমান সোবহান বুড়িগঙ্গা নদীদূষণের জন্য ট্যানারি কারখানাগুলোর ওপর ক্ষোভ প্রকাশ করেন। তিনি বলেন, আমরা ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি। কিন্তু দূষণ বন্ধ হয়নি। এখনো চলছে।

তিনি আরো বলেন, ঢাকার ড্রেন লাইন ভরাট হয়ে গেছে আবর্জনায়। জলাশয় উধাও হয়ে গেছে রিয়েল এস্টেট ডেভেলপমেন্টের জন্য।

এসডিজি বাস্তবায়নে জরুরি শক্তিশালী নেতৃত্ব

যুক্তরাজ্যের পরিবেশ বিশেষজ্ঞ
সাইমন ম্যাক্সওয়েল

■ ইত্তেফাক রিপোর্ট

যুক্তরাজ্য ভিত্তিক সংগঠন 'ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্ক (সিডিকেএন)' এর নির্বাহী চেয়ারম্যান সাইমন ম্যাক্সওয়েল বলেছেন, টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) বাস্তবায়নে বড় সমস্যা নেতৃত্বের। শক্তিশালী নেতৃত্বের মাধ্যমেই এ কর্মসূচি বাস্তবায়ন সম্ভব। এক্ষেত্রে জলবায়ু সহায়ক কর্মসূচি হাতে নিতে হবে। তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় প্রধানত তিনটি বিষয়কে বেশি গুরুত্ব দিতে হবে। সেগুলো হচ্ছে- সঠিক নেতৃত্ব, নীতি প্রণয়ন ও তার সঠিক বাস্তবায়ন। এছাড়া এ কারণে ক্ষতিগ্রস্ত শ্রেণিকে কিভাবে ক্ষতিপূরণ দেয়া হবে সে বিষয়টি নিশ্চিত করতে আরো গবেষণা করাও প্রয়োজন বলে তিনি মনে করেন।

গতকাল শনিবার রাজধানীর একটি হোটেলে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ-সিপিডি আয়োজিত বার্ষিক বক্তৃতা অনুষ্ঠানে প্রধান বক্তা হিসাবে তিনি এসব কথা

পৃষ্ঠা ২ কলাম ২

এসডিজি বাস্তবায়নে

২০ পৃষ্ঠার পর

বলেন। প্রতিষ্ঠানটির চেয়ারম্যান ড. রেহমান সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন সিপিডির সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য ও নির্বাহী পরিচালক ড. মুস্তাফিজুর রহমান।

সাইমন ম্যাক্সওয়েল বলেন, ১৯৯০ সালে বিশ্বে অতি দরিদ্র মানুষের সংখ্যা ছিল ১৯২ কোটি। ১৯৯৯ সালে ১৭৫ কোটিতে নেমে আসে। বর্তমানে তা ৮৩ কোটি। বিপুল দরিদ্র জনশক্তি নিয়ে আগামী ২০৩০ সালের মধ্যে অন্তর্ভুক্তমূলক উন্নত জীবন যাপনের স্বপ্ন দেখছে বিশ্ব। সম্মিলিতভাবে এ কর্মসূচির নাম এসডিজি। তবে এক্ষেত্রে নেতৃত্বের চ্যালেঞ্জ সবচেয়ে বড়। অনুষ্ঠানে সাইমন জলবায়ু সম্মেলনকে সফল হিসেবে উল্লেখ করে বলেন, এতে অন্তত বিশ্বের ১৮৫টি দেশ তার কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্যমাত্রা দিয়েছে। তবে তা কতটুকু সফল হবে, তা রাষ্ট্রগুলোর সদিচ্ছার ওপর নির্ভর করবে।

পরিবেশ রক্ষায় তিন চ্যালেঞ্জ : ড. রেহমান সোবহান বলেন, দেশের পরিবেশ রক্ষায় তিনটি বড় চ্যালেঞ্জ রয়েছে। এগুলো হলো: হাজারীবাগ থেকে ট্যানারি সরানো, বুড়িগঙ্গাকে দূষণমুক্ত করা ও অবৈধ আবাসন। কিন্তু এসব নিয়ে আমরা কিছু করতে পারছি না। তার মতে এ ক্ষেত্রে সাহসী নেতৃত্ব ও প্রতিশ্রুতি জরুরি।

রেহমান সোবহান আরো বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবেলা আরো অনেক বড় চ্যালেঞ্জ। উপকূলীয় দেশ হওয়ায় বাংলাদেশ বেশি ঝুঁকিতে। তবে এক্ষেত্রে চ্যালেঞ্জের ধরনটি ভিন্ন। এখানে বড় সমস্যা অর্থায়ন। কারণ বড় দেশগুলো প্রতিশ্রুতি দিয়েও টাকা দেয় না। আর ধনী দেশগুলো জলবায়ু তহবিলে অর্থ না দিলে বাংলাদেশকে নিজস্ব অর্থায়নে এ চ্যালেঞ্জ মোকাবেলা করতে হবে। এটি খুবই কঠিন। এক্ষেত্রে প্রধানমন্ত্রী পদ্মাসেতুর মতো চ্যালেঞ্জ নিতে পারবেন কি না সে বিষয়ে প্রশ্ন তুলেন তিনি।



প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিল্পকলা একাডেমিতে কাজী মাহবুবউল্লাহ পুরস্কারের পদক ড. এ কে আজাদ চৌধুরীর হাতে তুলে দেন

পদ্মা সেতু নির্মাণে হাসিনা অনেক সাহসের পরিচয় দিয়েছেন

স্টাফ রিপোর্টার ॥ বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় বিভিন্ন দেশের রাজনৈতিক নেতৃত্বকেই প্রধান ভূমিকা রাখতে হবে। প্যারিস

সিপিডি'র অনুষ্ঠানে রেহমান সোবহান

জলবায়ু সম্মেলনে ১৮৫টি দেশ তাদের কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্যমাত্রা দিয়েছে। তবে ভবিষ্যতে এর কতটুকু বাস্তবায়ন হবে, তা নির্ভর করবে রাষ্ট্রগুলোর রাজনৈতিক সদিচ্ছার ওপর। এ

জন্য দেশগুলোতে সঠিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও তার সঠিক বাস্তবায়ন দরকার। এ ছাড়া বিশ্বব্যাপী টেকসই উন্নয়নের স্বার্থে দেশগুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি এবং প্রতিযোগিতার ভিত্তিতে জলবায়ু সামঞ্জস্যপূর্ণ বিকল্প সমাধান সূত্র বের করতে হবে।

শনিবার রাজধানীর গুলশানের একটি হোটেলে বেসরকারী গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) বার্ষিক (২০১৫ সালের) একক বক্তৃতায় উন্নয়ন বিশেষজ্ঞ সাইমন (১৯ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

পদ্মা সেতু

(২০-এর পৃষ্ঠার পর)

ম্যাক্সওয়েল এ কথা বলেন। গত বছর থেকে সিপিডি বিশেষ ইস্যুতে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিশেষজ্ঞের বার্ষিক একক বক্তৃতার আয়োজন করেছে। শনিবার এতে স্বাগত বক্তব্য রাখেন সিপিডি'র নির্বাহী পরিচালক অধ্যাপক মোস্তাফিজুর রহমান। আর গোটা অনুষ্ঠান সঞ্চালনা করেন সিপিডি'র বিশেষ ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। এবারের বক্তা সাইমন ম্যাক্সওয়েল যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্রাইমেট এ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের (সিডিকেএন) নির্বাহী প্রধান। 'জলবায়ু সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন : সঠিক পথ বা অবাস্তব ধারণা' শীর্ষক বক্তব্যে ম্যাক্সওয়েল জলবায়ু পরিবর্তনজনিত সমস্যাকে 'দৃষ্ট সমস্যা' হিসেবে অভিহিত করেছেন। তাঁর মতে, পরিসংখ্যান দিয়ে জলবায়ু পরিবর্তনের ভবিষ্যত বহুমাত্রিক ঝুঁকির ভয়াবহতা বোঝা যাবে না। এ জন্য বিদ্যমান ঝুঁকি ও এর ফলে ক্ষতিগ্রস্তদের সত্যিকার গল্প তুলে ধরতে হবে। বিকল্প জ্বালানির প্রবর্তন ও উন্নয়নের জন্য বিকল্প ধারণার প্রসারে এগিয়ে আসতে হবে গবেষকদের। দীর্ঘমেয়াদী উন্নয়ন ঝুঁকি মোকাবেলায় সংশ্লিষ্ট দেশের নিজস্ব সক্ষমতা বাড়াতে হবে। এ জন্য প্রয়োজন হবে সঠিক রাজনৈতিক নেতৃত্বের।

বক্তৃতায় গত চার দশকে বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের উন্নয়নকে তিনি অভূতপূর্ব হিসেবে আখ্যায়িত করেন। তবে জলবায়ু পরিবর্তনে উন্নত বিশ্বের দায়, ঝুঁকি মোকাবেলায় উন্নয়নশীল দেশগুলোর জন্য ক্ষতিপূরণ, দারিদ্র্য দূরীকরণের পাশাপাশি জলবায়ু সহনশীল উন্নয়নের জন্য তহবিলের সংস্থানের মতো সংবেদনশীল বিষয়ে তিনি কিছু বলেননি। বক্তৃতা অনুষ্ঠানের সভাপতি বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক রেহমান সোবহান বলেন, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় উন্নত বিশ্বের রাজনৈতিক নেতৃত্বকে একযোগে কাজ করা জরুরী। তবে যুক্তরাষ্ট্রের মতো উন্নত দেশের রাজনৈতিক

নেতৃত্ব এখনও পর্যন্ত জলবায়ু সংবেদনশীল নয়। এটি হতাশার বিষয়। বাংলাদেশের পরিবেশ রক্ষায় তিনটি বিষয়কে বড় চ্যালেঞ্জ হিসেবে চিহ্নিত করেছেন এই অর্থনীতিবিদ। এগুলো হচ্ছে—হাজারীবাগ থেকে ট্যানারি সরানো, বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা ও ঢাকা শহরের জলাশয়, খাল, দখল করে গড়ে ওঠা আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া। রেহমান সোবহান বলেন, পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনেক সাহসের পরিচয় দিয়েছেন। বিশ্বব্যাপক এই প্রকল্পের অর্থায়ন থেকে সরে এলেও শেখ হাসিনা দেশের নিজস্ব বাজেট থেকে টাকা বরাদ্দ দিয়ে কাজ শুরু করেছেন। এই চ্যালেঞ্জ মোকাবেলায় তিনি সামর্থ্যের পরিচয় দিয়েছেন। তবে জলবায়ু পরিবর্তন আরও অনেক বড় চ্যালেঞ্জ উল্লেখ করে তিনি বলেন, বিশ্বের ধনী রাষ্ট্রগুলোগুলো জলবায়ু তহবিলে অর্থ না দিলে বাংলাদেশ নিজস্ব অর্থায়নে এই চ্যালেঞ্জ মোকাবেলা করতে পারবে কি না, তা ভাবতে হবে। এ জন্য তিনি প্রতিবছর নিজস্ব বাজেট রিভিউ করার তাগিদ দেন।

রেহমান সোবহান আরও বলেন, আমরা গত ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি, কিন্তু দূষণ বন্ধ হয়নি। হাজারীবাগ থেকে ট্যানারি সরানো নিয়ে

অনেক জল ঘোলা হয়েছে। কিন্তু ট্যানারি আজও সরেনি। ঢাকা শহরের জলাশয়, খাল, দখল করে আবাসন হচ্ছে। পরিবেশের জন্য এই তিনটি বিষয় বড় চ্যালেঞ্জ। তবে এ ব্যাপারে আমরা তেমন কিছু করতে পারছি না। সাইমন বিশ্বের স্থায়িত্বশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় এ তিনটি বিষয়ের ওপর জোর দিয়েছেন। বক্তৃতা পর্বের শেষে দেশের জলবায়ু ও পরিবেশ বিশেষজ্ঞ, কূটনৈতিক, পরিবেশবাদী সংগঠন ও নাগরিক সংগঠনের প্রতিনিধি এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা প্রশ্নোত্তর পর্বে অংশ নেন।

Climate Compatible Development Pathway or Pipedream?



CENTRE FOR POLICY DIALOGUE (CPD)
B A N G L A D E S H
a civil society think tank

Sited in Dhaka, Bangladesh
The West



Chairman of Center for Policy Dialogue (CPD) Dr Rehman Sobhan speaking at CPD Anniversary Lecture session on 'Climate Compatible Development Pathway or Pipedream' organized by CPD at a hotel in the city on Saturday.

■ NN photo

সিপিডির বার্ষিক লেকচারে বক্তারা ট্যানারি স্থানান্তর নিয়ে নাটক হচ্ছে

যুগান্তর রিপোর্ট

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে সবচেয়ে বড় সমস্যা নেতৃত্ব। শক্তিশালী নেতৃত্বের মাধ্যমেই এ কর্মসূচি বাস্তবায়ন সম্ভব। এক্ষেত্রে জলবায়ু সহায়ক নীতি ও তার বাস্তবায়নও জরুরি। অন্যদিকে বাংলাদেশের পরিবেশ রক্ষায় তিন চ্যালেঞ্জ রয়েছে। এর প্রথমটি হল— ট্যানারি সরানো। সাম্প্রতিক সময়ে এ বিষয়ে কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা ও অবৈধ আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়াও অন্যতম চ্যালেঞ্জ।

শনিবার রাজধানীর হোটেল ওয়েস্টিনে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ সিপিডির বার্ষিক লেকচারে বক্তারা এসব কথা বলেন। প্রতিষ্ঠানটির চেয়ারম্যান ড. রেহমান সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন ইউরোপিয়ান থিং ট্যাংক গ্রুপের চেয়ার সাইমন ম্যাক্সওয়েল। অনুষ্ঠানে বক্তব্য দেন সিপিডির ফেলো ড. দেবপ্রিয় উত্তাচার্য এবং নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান। বক্তারা নিজস্ব অর্ধায়নে পদ্মা সেতু নির্মাণের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেন। তাদের মতে, সম্প্রতি প্যারিসে অনুষ্ঠিত জলবায়ু সম্মেলনে বৈশ্বিক তাপমাত্রা ২ ডিগ্রি সেলসিয়াস কমানোর যে কথা বলা হয়েছে, তা বাস্তবায়ন সম্ভব নয়।

ড. রেহমান সোবহান বলেন, দেশের পরিবেশ রক্ষায় তিনটি বড় চ্যালেঞ্জ রয়েছে। এর অন্যতম হচ্ছে, হাজারীবাগ থেকে ট্যানারি সরানো। ট্যানারিগুলো বর্জ্য ফেলে পরিবেশ দূষিত করছে। তাদের এখনও সরানো

নাটক : পৃষ্ঠা ১৯ : কলাম ৫

নাটক : ট্যানারি স্থানান্তর নিয়ে

(শেষ পৃষ্ঠার পর)

যাচ্ছে না। আর সাম্প্রতিক সময়ে ট্যানারি সরানো নিয়ে আরেকটি নাটক আমরা দেখছি। দ্বিতীয়ত, বুড়িগঙ্গাকে দূষণমুক্ত করা চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি, কিন্তু দূষণ বন্ধ হয়নি। এখনও চলছে। এছাড়া ঢাকা শহরের জলাশয়, খাল দখল করে আবাসন হচ্ছে। এ নিয়েও আমরা কিছু করতে পারছি না। তার মতে, এক্ষেত্রে সাহসী নেতৃত্ব ও প্রতিশ্রুতি জরুরি।

রেহমান সোবহান আরও বলেন, পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী অনেক সাহস দেখিয়েছেন। বিশ্বব্যাংক অর্ধায়ন করা থেকে সরে যাওয়ায় শেখ হাসিনা বাংলাদেশের নিজস্ব বাজেট থেকে টাকা বরাদ্দ দিয়ে কাজ শুরু করেছেন। তিনি এ চ্যালেঞ্জ মোকাবেলা করতে সমর্থ হয়েছেন।

তিনি আরও বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবেলা আরও অনেক বড় চ্যালেঞ্জ। উপকূলীয় দেশ হওয়ায় বাংলাদেশ বেশি ঝুঁকিতে। তবে এক্ষেত্রে চ্যালেঞ্জের ধরনটি ভিন্ন। এখানে বড় সমস্যা অর্ধায়ন। কারণ বড় দেশগুলো প্রতিশ্রুতি দিয়েও টাকা দেয়া না।

আর ধনী দেশগুলো জলবায়ু তহবিলে অর্থ না দিলে বাংলাদেশকে নিজস্ব অর্ধায়নে এ চ্যালেঞ্জ মোকাবেলা করতে হবে। এটি খুবই কঠিন।

সাইমন ম্যাক্সওয়েল বলেন, ১৯৯০ সালে বিশ্বে অতি দরিদ্র মানুষের সংখ্যা ছিল ১৯২ কোটি। ১৯৯৯ সালে ১৭৫ কোটিতে নেমে আসে। বর্তমানে তা ৮৩ কোটি। বিপুল দরিদ্র জনশক্তি নিয়ে আগামী ২০৩০ সালের মধ্যে অন্তর্ভুক্তমূলক উন্নত জীবনযাপনের স্বপ্ন দেখছে বিশ্ব। সম্মিলিতভাবে এ কর্মসূচির নাম এসডিজি। তবে এক্ষেত্রে নেতৃত্বের চ্যালেঞ্জ সবচেয়ে বড়। তিনি বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবেলায় তিনটি বিষয় সবচেয়ে গুরুত্বপূর্ণ। এজন্য সঠিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও তার সঠিক বাস্তবায়ন দরকার। সাইমন বিশ্বের স্থায়িত্বশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় এ তিনটি বিষয়ের ওপর জোর দিয়েছেন। অনুষ্ঠানে সাইমন জলবায়ু সম্মেলনকে সফল উল্লেখ করে বলেন, এতে অন্তত বিশ্বের ১৮৫টি দেশ তার কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্যমাত্রা দিয়েছে। তবে তা কতটুকু সফল হবে, তা রাষ্ট্রগুলোর সদিচ্ছার ওপর নির্ভর করবে।

রেহমান সোবহানের অভিমত ট্যানারি সরানো নিয়ে নাটক হচ্ছে

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) চেয়ারম্যান ও বিশিষ্ট অর্থনীতিবিদ ড. রেহমান সোবহান বলেছেন, 'ট্যানারিগুলো তাদের বর্জ্য ফেলে পরিবেশ দূষিত করছে। দিনের পর দিন পরিবেশ দূষণ করলেও তাদের সরানো যাচ্ছে না। হাজারীবাগ থেকে ট্যানারি সরানো, বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা এবং ঢাকা শহরের জলাশয়, খাল, দখল করে গড়ে ওঠা আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারলে পরিবেশদূষণ অনেকটাই কমে যাবে। আমরা গত ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি, কিন্তু দূষণ বন্ধ হয়নি। তা এখনো চলছে। আর এখন ট্যানারিগুলো সাভারের হেমায়েতপুরে সরানো নিয়ে নাটক চলছে।' গতকাল শনিবার সিপিডি আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

সিপিডি গতকাল রাজধানীর ওয়েস্টিন হোটেলে বার্ষিক লেকচার অনুষ্ঠানের আয়োজন করেছিল। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যাক্সওয়েল। অনুষ্ঠানে ড. রেহমান সোবহান ছাড়াও বক্তব্য দেন সিপিডির সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য এবং নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান।

সিপিডি চেয়ারম্যান রেহমান সোবহান বলেন, জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলা বাংলাদেশের জন্য অনেক বড় চ্যালেঞ্জ। উপকূলীয় দেশ হওয়ায় বাংলাদেশ সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছে। তবে এ ক্ষেত্রে চ্যালেঞ্জের ধরনটি ভিন্ন। এখানে বড় সমস্যা অর্থায়ন। কারণ, বড় দেশগুলো প্রতিশ্রুতি দিয়েও টাকা দেয় না। ধনী দেশগুলো জলবায়ু তহবিলে অর্থ না দিলে বাংলাদেশকে নিজস্ব অর্থায়নে এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। এটি খুবই কঠিন। এর আগে পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী অনেক সাহসিকতার পরিচয় দিয়েছেন। বিশ্বব্যাংক এ প্রকল্প থেকে সরে যাওয়ার পর নিজস্ব অর্থায়নে সেতুর নির্মাণকাজ শুরু করেছেন। তিনি এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে সমর্থ হয়েছেন। এ জন্য প্রধানমন্ত্রী অবশ্যই প্রশংসার দাবি রাখেন।

সাইমন ম্যাক্সওয়েল তাঁর বক্তব্যে বলেন, জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবিলায় সঠিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও এর সঠিক বাস্তবায়ন দরকার। জলবায়ু সন্মেলনে অন্তত বিশ্বের ১৮৫টি দেশ তার কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্যমাত্রা দিয়েছে। তবে তা কতটুকু সফল হবে, তা রাষ্ট্রগুলোর সদিচ্ছার ওপর নির্ভর করবে।

অনুষ্ঠানে বক্তারা বলেন, ১৫ বছর মেয়াদি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে বড় সমস্যা নেতৃত্বের। শক্তিশালী নেতৃত্বের মাধ্যমেই এ কর্মসূচি বাস্তবায়ন সম্ভব। এ ক্ষেত্রে জলবায়ু সহায়ক কর্মসূচি হাতে নিতে হবে।

দেশের পরিবেশ রক্ষায় তিন চ্যালেঞ্জ: সিপিডি



অর্থনৈতিক রিপোর্টার: বাংলাদেশের পরিবেশ রক্ষায় তিনটি বড় চ্যালেঞ্জ রয়েছে বলে মন্তব্য করেছেন বিশিষ্ট অর্থনীতিবিদ ও বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি

ডায়ালগের (সিপিডি) চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান। চ্যালেঞ্জগুলো পৃষ্ঠা ২০ কলাম ১

দেশের পরিবেশ রক্ষায় তিন চ্যালেঞ্জ: সিপিডি

শেষ পৃষ্ঠার পর হলো- হাজারীবাগ থেকে ট্যানারি সরানো, বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা ও অবৈধ আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া। অন্যদিকে হাজারীবাগ থেকে ট্যানারি সরানো নিয়ে নাটক হচ্ছে বলেও মন্তব্য করেন এই অর্থনীতিবিদ। এ ছাড়া, তিনি বলেন, জলবায়ু মোকাবিলায় বড় সমস্যা অর্থায়ন। কারণ বড় দেশগুলো প্রতিশ্রুতি দিয়েও অর্থ ছাড় দেয় না। আর জলবায়ু তহবিলে অর্থ না দিলে বাংলাদেশকে নিজস্ব অর্থায়নে এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে, যা খুবই কঠিন। গতকাল রাজধানীর হোটেল ওয়েস্টিনে সিপিডি আয়োজিত 'জলবায়ু সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন: বাস্তব অথবা অবাস্তব?' শীর্ষক বার্ষিক বক্তৃতায় এসব কথা বলেন তিনি। ড. রেহমান সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন ইউরোপিয়ান খিং ট্যাংক প্রতিষ্ঠান ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যান্ডলওয়েল। সিপিডির বার্ষিক বক্তৃতা ২০১৫-এর অংশ হিসেবে তিনি বাংলাদেশে এসেছেন। এতে অনুষ্ঠান সম্বালনা করেন সিপিডির বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য। এ ছাড়া, নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমানসহ দেশের জলবায়ু ও পরিবেশ বিশেষজ্ঞ, কূটনৈতিক পরিবেশবাদী সংগঠন ও নাগরিক সংগঠনের প্রতিনিধিরা অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানে বিশিষ্টজনেরা নিজস্ব অর্থায়নে পদ্মাসেতু নির্মাণের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেন। তাদের মতে, সম্প্রতি প্যারিসে অনুষ্ঠিত জলবায়ু সম্মেলনে বৈশ্বিক তাপমাত্রা ২ ডিগ্রি সেলসিয়াস কমানোর কথা বলা হয়েছে। তবে এটি বাস্তবায়ন সম্ভব নয়। রেহমান সোবহান বলেন,

দেশের পরিবেশ রক্ষায় তিনটি বড় চ্যালেঞ্জ। এর মধ্যে অন্যতম হচ্ছে হাজারীবাগ থেকে ট্যানারি সরানো। ট্যানারিগুলো তাদের বর্জ্য ফেলে পরিবেশ দূষিত করছে। তাদের এখনও সরানো যাচ্ছে না। আর সাম্প্রতিক সময়ে ট্যানারি সরানো নিয়ে আরেকটি নাটক আমরা লক্ষ্য করছি। দ্বিতীয়ত বুড়িগঙ্গাকে দূষণমুক্ত করা চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। গত ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি, কিন্তু দূষণ বন্ধ হয়নি। এখনও চলছে। এ ছাড়া, ঢাকা শহরের জলাশয়, খাল, দখল করে আবাসন হচ্ছে। এ নিয়েও আমরা কিছু করতে পারছি না। তারমতে, এ ক্ষেত্রে সাহসী নেতৃত্ব ও প্রতিশ্রুতি দরকার। রেহমান সোবহান বলেন, পদ্মাসেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী অনেক সাহস দেখিয়েছেন। বিশ্বব্যাংক অর্থায়ন করা থেকে সরে যাওয়ায় শেখ হাসিনা বাংলাদেশের নিজস্ব বাজেট থেকে টাকা বরাদ্দ দিয়ে কাজ শুরু করেছেন। তিনি এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে সমর্থ হয়েছেন। এ ছাড়া, জলবায়ু পরিবর্তন মোকাবিলা আরও অনেক বড় চ্যালেঞ্জ। উপকূলীয় দেশ হওয়ায় বাংলাদেশ বেশি ঝুঁকিতে। তবে এক্ষেত্রে চ্যালেঞ্জের ধরনটি ভিন্ন। সাইমন ম্যান্ডলওয়েল বলেন, ১৯৯০ সালে বিশ্বে অতি দরিদ্র মানুষের সংখ্যা ছিল ১৯২ কোটি। ১৯৯৯ সালে ১৭৫ কোটিতে নেমে আসে। বর্তমানে তা ৮৩ কোটি। বিপুল দরিদ্র জনশক্তি নিয়ে আগামী ২০৩০ সালের মধ্যে অন্তর্ভুক্তমূলক উন্নত জীবন যাপনের স্বপ্ন দেখছে বিশ্ব। সম্মিলিতভাবে এ কর্মসূচির নাম এসডিজি। তবে এক্ষেত্রে নেতৃত্বের চ্যালেঞ্জ সবচেয়ে বড়। তিনি বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবিলায়

৩টি বিষয় সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ জন্য সঠিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও তার সঠিক বাস্তবায়ন দরকার। সাইমন বিশ্বের স্থায়িত্বশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জলবায়ু পরিবর্তন মোকাবিলায় এ তিনটি বিষয়ের ওপর জোর দেন। সাইমন বলেন, প্যারিসের জলবায়ু সম্মেলন সফল হয়েছে। কারণ এতে অন্তত বিশ্বের ১৮৫টি দেশ তার কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্যমাত্রা দিয়েছে। তবে তা কতটুকু সফল হবে, তা রাষ্ট্রগুলোর সিদ্ধির ওপর নির্ভর করবে। তারপরও লক্ষ্য নির্ধারণ একটি বড় সাফল্য। এ ক্ষেত্রে বাংলাদেশের ভূমিকা ছিল প্রশংসাযোগ্য। পরিবেশ পরিবর্তনের কারণে উন্নয়নের ইস্যুটি এখন সবাই টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) মধ্য দিয়ে চিন্তা করছে। কিন্তু এসডিজি দিয়ে চিন্তা করা করলে জলবায়ু পরিবর্তনের বিষয় সম্পূর্ণভাবে মোকাবিলা করা সম্ভব নাও হতে পারে। এ জন্য রাজনৈতিক নেতৃত্ব বিশেষ গুরুত্বপূর্ণ উল্লেখ করে সাইমন বলেন, সফলতার জন্য সঠিক রাজনৈতিক নেতৃত্ব অবশ্যই লাগবে। কারণ অনেক সময় দেখা যায় অনেক ভালো বিষয়ও সঠিক রাজনৈতিক নেতৃত্ব না থাকার কারণে সফলতার মুখ দেখতে পারে না। একই সঙ্গে সম্প্রদায়ের বিষয়টিও গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে বেসরকারি বিনিয়োগকারীদের সম্পৃক্ত করা যেতে পারে। তিনি বলেন, বাংলাদেশের জন্য জলবায়ু সমস্যার বড় সমস্যা হলো পরিবেশ দূষণ। এক্ষেত্রে বাংলাদেশের মতো রাষ্ট্রগুলো বাইরের অর্থ পাওয়ার ক্ষেত্রে চাপের মধ্যে পড়বে। কারণ পরিবেশ দূষণের জন্য অর্থ চাইলে অর্থাদাতারা বলতে পারে এটি তো জলবায়ুর সমস্যা না।



রাজধানীর একটি হোটেলে গতকাল সিপিডির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয় ■ নয়া দিগন্ত

এসডিজি অর্জন ও দারিদ্র্য দূরীকরণের মাধ্যমে সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন করতে হবে

● অর্থনৈতিক প্রতিবেদক

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা(এসডিজি) অর্জন ও দারিদ্র্য দূরীকরণের মাধ্যমে জলবায়ুর সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন করতে হবে। জলবায়ুর সামঞ্জস্যগত পরিবর্তন শুধু দেশগুলোর মধ্যে প্রশমন ও অভিযোজনই নয়, একই সাথে সংশ্লিষ্ট দেশগুলো বহুস্তর বৈশ্বিক অর্থনীতির সাথে রূপান্তরকেও গুরুত্ব দিতে হবে। এ জন্য তিনটি বিষয়ের ওপর নজর দেয়া জরুরি। এগুলো হলো- নীতি নেতৃত্ব, নীতি নকশা ও নীতি বাস্তবায়ন।

একথাগুলো বলেছেন লন্ডনভিত্তিক বৈদেশিক উন্নয়নবিষয়ক প্রতিষ্ঠান ওডিআইর সাবেক পরিচালক ও ইউরোপিয়ন থিঙ্ক ট্যাংক গ্রুপের সভাপতি সিমন ম্যাক্সওয়েল, সিবিই।

গতকাল শনিবার গুলশানে একটি হোটেলে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের(সিপিডি) প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত একক বক্তৃতায় তিনি এসব কথা বলেন। তার বক্তৃতার বিষয় ছিল- জলবায়ু সামঞ্জস্য উন্নয়ন: পথের দিশা নাকি দিবাস্বপ্ন। এ সময় আরো বক্তব্য রাখেন সিপিডির

চেয়ারম্যান প্রফেসর রেহমান সোবহান, একই প্রতিষ্ঠানের সম্মানিত ফেলো ড.দেবপ্রিয় ভট্টাচার্য ও নির্বাহী পরিচালক প্রফেসর মোস্তাফিজুর রহমান।

১৯৬০ সালের পর থেকে বাংলাদেশে চোখে পরার মতো উন্নয়ন করেছে উল্লেখ করে ম্যাক্সওয়েল বলেন, ১৯৬০ সালে জন্ম নেয়া শিশু এক-তৃতীয়াংশ পাঁচ বছর বয়সে পৌছার

সিপিডির একক বক্তৃতা

আগেই মৃত্যুবরণ করত। এখন সে অবস্থা বদলিয়েছে। এই উন্নয়ন এসডিজি ও জলবায়ুর সাথে সামঞ্জস্যপূর্ণ করতে হবে। তিনি সদ্য সমাপ্ত প্যারিসে অনুষ্ঠিত বিশ্ব জলবায়ু সম্মেলনের প্রসঙ্গ টেনে বলেন, এখানে অনেক লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। কিন্তু এই লক্ষ্য জলবায়ু ও উন্নয়নের সাথে সংঘর্ষিক। কারণ এখানে এক দিকে কার্বন নিঃসরণ কমানোর কথা বলা হয়েছে। কিন্তু কৃষি খাতে উন্নয়ন হলে পরিবেশে কার্বন নিঃসরণ বেড়ে যাবে। তাই জলবায়ুর ক্ষতি না করে কিভাবে কৃষি খাতের উন্নয়ন করা যায় তার প্রতি নজর দেয়ার প্রয়োজন রয়েছে। এ জন্য নিত্যনতুন উদ্ভাবনীয় বিষয় ■ ১৫ পৃ: ৪-এর কলামে

এসডিজি অর্জন ও দারিদ্র্য দূরীকরণের মাধ্যমে

শেষ পৃষ্ঠার পর

নিয়ে আসতে হবে। ম্যাক্সওয়েলের চোখে ঢাকার যানজট পরিস্থিতিই এড়ায়নি। তিনি কৌতুক করে বলেন, ঢাকা শহরে যে ধরনের যানজট রয়েছে তাতে এখানে ক্যারাভান স্টাইলে চলাচলের প্রয়োজনীয়তা রয়েছে, যাতে রাস্তায় রান্নাবান্না করে খাওয়ার সুযোগ থাকে। প্যারিসে জলবায়ু সম্মেলনে কার্বন নিঃসরণ প্রাক-শিল্পযুগের সময় থেকে দুই ডিগ্রি সেলসিয়াসের বেশি বাড়তে না দেয়ার বিষয়ে তিনি বলেন, ২০৬০ সালের মধ্যে বৈশ্বিক তাপমাত্রা দুই ডিগ্রি সেলসিয়াসের মধ্যে রাখতে হয়,

তবে কার্বন নিঃসরণের মাত্রা হতে হবে ৪০ গিগাটন। এটা সম্ভব হবে কিনা তা নিয়ে সংশয় রয়ে গেছে। বৈশ্বিক তাপমাত্রা দুই ডিগ্রি সেলসিয়াস বৃদ্ধি পেলে পরিবেশের কী হবে তার উদাহরণ দিয়ে ম্যাক্সওয়েল বলেন, বর্তমানে উগান্ডার প্রধান রফতানি পণ্য হচ্ছে কফি। কিন্তু তাপমাত্রা যদি দুই ডিগ্রি সেলসিয়াস বৃদ্ধি পায়, তবে দেশটির কফি চাষ পুরোপুরি শেষ হয়ে যাবে।

প্রফেসর রেহমান সোবহান বলেন, বিশ্বে তেলের দাম কমে যাওয়ায় রাস্তায় গাড়ির সংখ্যা বৃদ্ধি পাবে। এতে ক্ষতিগ্রস্ত হবে পরিবেশ।



গতকাল শিল্পকলা একাডেমিতে 'কাজী মাহবুবউল্লাহ' স্মৃতি পুরস্কার বিতরণ অনুষ্ঠানে পুরস্কারপ্রাপ্তদের মাঝে ফ্রেস্ট বিতরণ করেন প্রধানমন্ত্রী —পিআইডি

সিপিডি সভায় বক্তৃতায় রেহমান সোবহান

জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বাংলাদেশের বড় চ্যালেঞ্জ তিনটি

নিজস্ব বার্তা পরিবেশক

বাংলাদেশের জলবায়ু পরিবর্তন মোকাবিলায় তিনটি বিষয়কে বড় চ্যালেঞ্জ হিসেবে চিহ্নিত করেছেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক রেহমান সোবহান। এগুলো হচ্ছে হাজারীবাগ থেকে ট্যানারি সরানো, বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা ও ঢাকা শহরের জলাশয়, খাল দখল করে গড়ে ওঠা আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া। গতকাল রাজধানীর একটি হোটেলে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত এক বক্তৃতায় তিনি এ কথা বলেন।

অনুষ্ঠানে যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যাক্সওয়েল বক্তব্য দেন। সিপিডির নির্বাহী পরিচালক অধ্যাপক মোস্তাফিজুর রহমানের সম্মেলনায় সিপিডির বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্যসহ দেশের জলবায়ু ও পরিবেশ বিশেষজ্ঞ, কূটনৈতিক পরিবেশবাদী সংগঠন ও নাগরিক সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বাংলাদেশে পরিবেশ দূষণ নিয়েও আলোচনা হয়।

সভাপতির বক্তব্যে রেহমান সোবহান বলেন, পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনেক সাহসের পরিচয় দিয়েছেন। বিশ্বব্যাংক অর্থায়ন করা থেকে সরে এলেও শেখ হাসিনা বাংলাদেশের বাজেট থেকে ২৮ হাজার কোটি টাকা বরাদ্দ দিয়ে নিজস্ব অর্থায়নে কাজ শুরু করে রাজনৈতিক চ্যালেঞ্জে জিতেছেন। তিনি বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবিলাকে আরও অনেক বড় চ্যালেঞ্জ হিসেবে

পদ্মার মতো এই চ্যালেঞ্জটিও নেয়ার আহ্বান প্রধানমন্ত্রীর প্রতি

উল্লেখ করেন। বিশ্বের ধনী রাষ্ট্রগুলো জলবায়ু পরিবর্তন রোধে গঠিত তহবিলে অর্থ না দিলে বাংলাদেশ নিজস্ব অর্থায়নে এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারবে কি না, তিনি সে প্রশ্ন তোলেন।

প্রসঙ্গত, বাংলাদেশের সবচেয়ে বড় নির্মাণ প্রকল্প পদ্মা সেতু তৈরির এক-তৃতীয়াংশ অর্থের জোগান বিশ্বব্যাংকের দেয়ার কথা থাকলেও দুর্নীতির অভিযোগ নিয়ে টানাপড়েনে তাদের 'না' বলে দেয় সরকার। নিজস্ব অর্থায়নে এই সেতুর নির্মাণ কাজ উদ্বোধন করে শেখ হাসিনা বলছেন, ওই চ্যালেঞ্জ জিতে বিশ্ববাসীকে দেখিয়ে দিয়েছেন যে বাংলাদেশও পারে।

রেহমান সোবহান বলেন, গত ৩০ বছর ধরে সিপিডি বুড়িগঙ্গা নদী দূষণমুক্ত করার দাবি জানিয়ে এলেও দূষণ এখনও বন্ধ করা হচ্ছে না। হাজারীবাগের ট্যানারির বর্জ্যসহ সব ধরনের বর্জ্য গিয়ে এ নদী দূষণ করছে। এখন আমরা আরেকটি নাটক দেখছি, হাজারীবাগ থেকে ট্যানারি শিল্প সরানো নিয়ে। এখনও এ শিল্প সরানো যাচ্ছে না। ঢাকা শহরের জলাশয়, খাল, দখল করে আবাসন হচ্ছে। এ নিয়েও আমরা কিছু করতে পারছি না। বাংলাদেশের পরিবেশের জন্য হাজারীবাগ থেকে ট্যানারি সরানো, বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা ও ঢাকা শহরের জলাশয়-খাল দখল করে গড়ে ওঠা আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া এই তিনটি বিষয় বড় চ্যালেঞ্জ হিসেবে চিহ্নিত করেন তিনি।

যুক্তরাজ্যভিত্তিক সংগঠন ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্ক (সিডিকেএন)-এর নির্বাহী চেয়ারম্যান সাইমন

বড় : চ্যালেঞ্জ (১৬ পৃষ্ঠার পর)

ম্যাক্সওয়েল বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় প্রধানত তিনটি বিষয়কে বেশি গুরুত্ব দিতে হবে। সেগুলো হচ্ছে— সঠিক নেতৃত্ব, নীতি প্রণয়ন ও তার সঠিক বাস্তবায়ন। বাংলাদেশের টেকসই উন্নয়ন নিশ্চিতে বিশ্ব নেতাদের কাছ থেকে দর কষাকষির মাধ্যমে তহবিল ছাড় করতে দরকার সঠিক নেতৃত্ব। সেই তহবিল ব্যয় করে সবচেয়ে ভালো ফল পেতে দরকার সঠিক নীতি প্রণয়ন ও তা বাস্তবায়ন।

সাইমন জলবায়ু সম্মেলনকে সফল হিসেবে উল্লেখ করে বলেন, এতে অন্তত বিশ্বের ১৮৫টি দেশ তার কার্যনিঃসরণ কমানোর লক্ষ্যমাত্রা দিয়েছে। তবে তা কতটুকু সফল হবে, তা রাষ্ট্রগুলোর সদিচ্ছার ওপর নির্ভর করবে।

অনুষ্ঠানে জানানো হয়েছে, অন্যদিকে জলবায়ু পরিবর্তনের বড় ঝুঁকির মধ্যে রয়েছে বাংলাদেশ। এই ক্ষতি কাটিয়ে উঠতে আগামী ১৫ বছরে ৩ লাখ কোটি টাকা লাগবে বলে এক গবেষণা সম্প্রতি হিসাব দিয়েছেন। জলবায়ু পরিবর্তনের ফলে ঝুঁকিতে থাকা দেশগুলোকে সহায়তায় আন্তর্জাতিক একটি তহবিল গড়ার উদ্যোগ বিশ্ব নেতারা নিলেও প্রতিশ্রুত অর্থ এখন ছাড় করেনি শিল্পোন্নত দেশগুলো।

পদ্মার মতো জলবায়ুতেও কি

[শেষ পৃষ্ঠার পর]

সংগঠন ও নাগরিক সংগঠনের প্রতিনিধিরা প্রমোক্তোর পর্বে অংশ নেন। এতে উপস্থিত ছিলেন ব্র্যাকের চেয়ারপারসন স্যার ফজলে হাসান আবেদ, সিপিডির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান, বিশিষ্ট জলবায়ু গবেষক ড. সালিমুল হক, ড. আতিক রহমান, অ্যাকশনএইডের কান্দি ডিরেক্টর ফারাহ কবীর প্রমুখ।

সভাপতির বক্তব্যে রেহমান সোবহান উল্লেখ করেন, জলবায়ু পরিবর্তন মোকাবেলা আরও অনেক বড় চ্যালেঞ্জ। বিশ্বের ধনী দেশগুলো জলবায়ু তহবিলে প্রতিশ্রুত অর্থ না দিলে বাংলাদেশ নিজস্ব অর্থায়নে এ চ্যালেঞ্জ মোকাবেলা করতে পারবে কি-না, তা নিয়ে তিনি প্রশ্ন তোলেন।

বাংলাদেশের পরিবেশ রক্ষায় তিনটি বিষয়কে বড় চ্যালেঞ্জ হিসেবে চিহ্নিত করে প্রখ্যাত এ অর্থনীতিবিদ বলেন, '৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা হচ্ছে; কিন্তু দূষণ এখনও অব্যাহত রয়েছে। আরেকটি নাটক আমরা দেখছি, হাজারীবাগ থেকে ট্যানারি সরানো নিয়ে। ট্যানারিগুলো তাদের বর্জ্য ফেলে পরিবেশ দূষণ করছে। তাদের এখনও সরানো যাচ্ছে না। ঢাকা শহরের জলাশয় ও খাল দখল করে আবাসন হচ্ছে। এ নিয়েও কিছু করা যাচ্ছে না। বাংলাদেশের পরিবেশের জন্য এ তিনটি বিষয় বড় চ্যালেঞ্জ।

ক্রাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যাক্সুয়েল স্থায়িত্বশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় তিনটি বিষয়ের ওপর জোর দেন। তিনি বলেন, 'সঠিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও তার সঠিক বাস্তবায়ন না হলে কোনো উন্নয়নই স্থায়িত্বশীল হয় না।' প্যারিস জলবায়ু সম্মেলনকে সফল উল্লেখ করে তিনি বলেন, 'প্যারিসে বিশ্বের ১৯৫টি দেশ তার কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্যমাত্রা দিয়েছে। যদিও তা কতটুকু সফল হবে, রাস্তাগুলোর সদিচ্ছার ওপর নির্ভর করবে। তার পরও লক্ষ্য নির্ধারণ একটি বড় সাফল্য। এ ক্ষেত্রে বাংলাদেশের ভূমিকা ছিল প্রশংসায়োগ্য।'

সাইমন বলেন, উন্নয়ন মানেই এক পক্ষ সুবিধা ভোগ করবে, অন্য পক্ষ ক্ষতিগ্রস্ত হবে। এ দুই পক্ষের মধ্যে ভারসাম্য করাই থিঙ্কট্যাঙ্কদের কাজ। তিনি আরও বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার দায়িত্ব বেসরকারি খাতকে নিতে হবে। তিনি বলেন, পরিবেশের সঙ্গে সামঞ্জস্য রেখে উন্নয়ন করা কঠিন। এ সমস্যা সমাধানে সব পক্ষকে একসঙ্গে কাজ করতে হবে। বিশেষ করে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সুবিধাভোগী ও ক্ষতিগ্রস্তদের মধ্যে ব্যবধান কমাতে বিশেষজ্ঞদের কাজ করতে হবে; এ জন্য উন্নত বিশ্বকে ক্ষতিগ্রস্ত দেশে প্রযুক্তি ও অবকাঠামো উন্নয়নের অর্থায়নে এগিয়ে আসতে হবে।

সাইমন বলেন, 'পরিবেশ পরিবর্তনের কারণে উন্নয়নের ইস্যুটি এখন সবাই টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) মধ্য দিয়ে চিন্তা করছে। কিন্তু এতে জলবায়ু পরিবর্তনের বিষয় সম্পূর্ণভাবে মোকাবেলা করা সম্ভব নাও হতে পারে। এ ক্ষেত্রে সফলতার জন্য সঠিক রাজনৈতিক নেতৃত্ব অবশ্যই লাগবে।' তিনি বলেন, 'বাংলাদেশের জন্য জলবায়ু সমস্যার বড় দিক হলো পরিবেশ দূষণ। এ ক্ষেত্রে বাংলাদেশের মতো দেশগুলো বাইরের অর্থ পাওয়ার ক্ষেত্রে চাপের মধ্যে পড়বে। কারণ, পরিবেশ দূষণের জন্য অর্থ চাইলে অর্থদাতার বলতে পারে, এটি তো জলবায়ুর সমস্যা না।'



শনিবার সিপিডির আলোচনা সভায় বক্তব্য রাখেন অধ্যাপক রেহমান সোবহান

প্রধানমন্ত্রীকে রেহমান সোবহান পদ্মার মতো জলবায়ুতেও কি চ্যালেঞ্জ নেবেন

■ সমকাল প্রতিবেদক

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদ্মা সেতু প্রকল্পের মতো জলবায়ু তহবিলেও নিজস্ব অর্থায়নের রাজনৈতিক চ্যালেঞ্জ নেবেন কি-না, সে প্রশ্ন রেখেছেন বিশিষ্ট অর্থনীতিবিদ রেহমান সোবহান। তিনি বলেছেন, পদ্মা সেতু প্রকল্প থেকে অর্থায়নকারী প্রতিষ্ঠান বিশ্বব্যাংককে বাদ দিয়ে প্রধানমন্ত্রী ২৮ হাজার কোটি টাকা বরাদ্দ দিয়ে নিজস্ব অর্থায়নে কাজ শুরু করে একটি রাজনৈতিক চ্যালেঞ্জে জিতেছেন। এখন জলবায়ু পরিবর্তন রোধে গঠিত তহবিল থেকে যদি দাতারা অর্থাছাড় না করে, তাহলে প্রধানমন্ত্রী এ ক্ষেত্রেও কি একই চ্যালেঞ্জ নিতে পারবেন?

গতকাল শনিবার রাজধানীর হোটেল ওয়েস্টিনে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) বর্ষপূর্তি উপলক্ষে 'জলবায়ু সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন': বাস্তব অথবা অবাস্তব?' শীর্ষক বক্তৃতায় রেহমান সোবহান এসব কথা বলেন। যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্রাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যাক্সুয়েল অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সিপিডির বিশেষ ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। অনুষ্ঠানে দেশের জলবায়ু ও পরিবেশ বিশেষজ্ঞ, কূটনীতিক, পরিবেশবাদী ■ পৃষ্ঠা ১৫ : কলাম ১

সিপিডি'র একক বক্তৃতায় রেহমান সোবহান চামড়া শিল্প স্থানান্তর নিয়ে নাটক চলছে

নিজস্ব প্রতিবেদক ■

সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান বলেছেন, বাংলাদেশের পরিবেশ রক্ষায় তিনটি বড় চ্যালেঞ্জ রয়েছে। এগুলো হল হাজারীবাগ থেকে চামড়া শিল্প সরানো, বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা ও ঢাকা শহরের জলাশয়-খাল দখল করে গড়ে ওঠা আবাসনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া।

বাংলাদেশের পরিবেশ রক্ষায় তিনটি বড় চ্যালেঞ্জ

ধনী রাষ্ট্রগুলো জলবায়ু তহবিলে অর্থ না দিলে বাংলাদেশ নিজস্ব অর্থায়নে এই চ্যালেঞ্জ মোকাবেলা করার সক্ষমতা নিয়েও প্রশ্ন রয়েছে। গতকাল সিপিডি'র বর্ষপূর্তি উপলক্ষে

একক বক্তব্য অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে শনিবার তিনি এ সক্ষমতার কথা বলেন। রাজধানীর একটি হোটেলে 'জলবায়ু সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন : বাস্তব অথবা অবাস্তব ধারণা?' শীর্ষক বক্তৃতার আয়োজন করে সিপিডি। এতে মূল বক্তব্য উপস্থাপন করেন যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্কের নির্বাহী প্রধান সাইমন ম্যাক্সুয়েল। অনুষ্ঠান সঞ্চালনা করেন সিপিডি'র সম্মানীয় ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য। সংস্থার নির্বাহী পরিচালক ড. মুস্তাফিজুর রহমানসহ দেশের জলবায়ু ও পরিবেশ বিশেষজ্ঞ, কূটনৈতিক পরিবেশবাদী সংগঠন ও নাগরিক সংগঠনের প্রতিনিধিরা আলোচনায় অংশ নেন।

রেহমান সোবহান বলেন, পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ এরপর পৃষ্ঠা ২ : কলাম ৬

চামড়া শিল্প স্থানান্তর নিয়ে নাটক

(শেষ পৃষ্ঠার পর)

হাসিনা অনেক সাহসের পরিচয় দিয়েছেন। বিশ্বব্যাংক অর্থায়ন করা থেকে সরে এলেও শেখ হাসিনা বাংলাদেশের নিজস্ব বাজেট থেকে টাকা বরাদ্দ দিয়ে কাজ শুরু করেছেন। তিনি এই চ্যালেঞ্জ মোকাবেলা করতে সমর্থ হয়েছেন। এমতাবস্থায় জলবায়ু পরিবর্তন রোধে গঠিত তহবিল থেকে যদি দাতারা অর্থছাড় না করে; তাহলে প্রধানমন্ত্রী এক্ষেত্রেও একই চ্যালেঞ্জ নিতে পারবেন?' এ প্রশ্ন তোলেন রেহমান সোবহান।

বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করা ও ঢাকা শহর রক্ষা সরকারের জন্য বড় চ্যালেঞ্জ বলে মনে করছেন রেহমান সোবহান। তিনি বলেন, ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি। কিন্তু দূষণ বন্ধ হয়নি। এখনও চলছে। হাজারীবাগ থেকে ট্যানারি সরানো নিয়ে আরেকটি নাটক আমরা দেখছি।

সাইমন ম্যাক্সুয়েল বলেন, বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় বিভিন্ন দেশের রাজনৈতিক নেতৃত্বকে প্রধান ভূমিকা রাখতে হবে। প্যারিস জলবায়ু সম্মেলনে ১৮৫টি দেশ তাদের কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্যমাত্রা দিয়েছে। তবে ভবিষ্যতে এর বাস্তবায়ন হবে, তা নির্ভর করবে রাষ্ট্রগুলোর রাজনৈতিক সদিচ্ছার ওপর। এ জন্য সঠিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও তার সঠিক বাস্তবায়ন দরকার। এ ছাড়া বিশ্বব্যাপী টেকসই উন্নয়নের স্বার্থে দেশগুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতা বাড়ানো ও প্রতিযোগিতার ভিত্তিতে জলবায়ু সামঞ্জস্যপূর্ণ বিকল্প সমাধানসূত্র বের করার পরামর্শ দেন তিনি। জলবায়ু পরিবর্তনজনিত সমস্যাকে 'দৃষ্ট সমস্যা' হিসেবে অভিহিত করেছেন সাইমন ম্যাক্সুয়েল। তিনি বলেন, পরিসংখ্যান দিয়ে জলবায়ু পরিবর্তনের ভবিষ্যৎ বহুমাত্রিক ঝুঁকির ভয়াবহতা বোঝা যাবে না। এজন্য বিদ্যমান ঝুঁকি ও এর কারণে ক্ষতিগ্রস্তদের সত্যিকার অবস্থান তুলে ধরতে হবে। বিকল্প জ্বালানির প্রবর্তন ও উন্নয়নের জন্য বিকল্প ধারণার প্রসারে গবেষকদের এগিয়ে আসতে হবে। দীর্ঘমেয়াদি উন্নয়ন ঝুঁকি মোকাবেলায় নিজস্ব সক্ষমতা বাড়াতে হবে।

সিপিডি'র বার্ষিক বক্তৃতা অনুষ্ঠানে সাইমন ম্যাক্সওয়েল এসডিজি অর্জনে প্রধান চ্যালেঞ্জ জলবায়ু পরিবর্তন মোকাবিলায় এক সাথে কাজ করতে হবে

* পরিবেশের জন্য ট্যানারি বুড়িগঙ্গা ও আবাসন বড় চ্যালেঞ্জ : রেহমান সোবহান

স্টাফ রিপোর্টার : যুক্তরাজ্য হাউজ অব কমন্সের ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট সিলেব্রি কমিটির বিশেষজ্ঞ উপদেষ্টা সাইমন ম্যাক্সওয়েল বলেছেন, জলবায়ু পরিবর্তন ইস্যুতে বাংলাদেশের ভিশনই গোটা বিশ্বের ভিশন। তিনি বলেন, জাতিসংঘের ঘোষণা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে প্রধান চ্যালেঞ্জ জলবায়ু পরিবর্তন। তা মোকাবিলায় এক সাথে কাজ করতে হবে। গতকাল শনিবার সকালে রাজধানীর ওয়েস্টিন হোটেলে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত

এক বক্তৃতায় বৃটিশ উন্নয়ন বিশেষজ্ঞ সাইমন ম্যাক্সওয়েল এ কথা বলেন। 'জলবায়ু সুসঙ্গত উন্নয়ন : বাস্তব নাকি উদ্ভট কল্পনা?' শীর্ষক সিপিডি'র বার্ষিক বক্তৃতা ২০১৫ অনুষ্ঠানে তিনি মূল বক্তা ছিলেন। সিপিডি'র প্রতিষ্ঠাতা চেয়ারম্যান বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ড. রেহমান সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন আয়োজক সংস্থার নির্বাহী পরিচালক অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমান। সিপিডি'র বিশেষ ফেলো অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্যের পরিচালনায় প্রশ্নোত্তরপর্বে দেশের জলবায়ু ও পরিবেশ বিশেষজ্ঞ, উন্নয়ন

গবেষক, কূটনীতিক, বর্তমান ও সাবেক আমলা, পরিবেশবাদী সংগঠন ও নাগরিক সংগঠনের প্রতিনিধি এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ নেন।

সাইমন ম্যাক্সওয়েল বলেন, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় তিনটি বিষয় সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ জন্য সঠিক নেতৃত্ব, সঠিক নীতি প্রণয়ন ও তার সঠিক বাস্তবায়ন দরকার। তিনি বিশ্বের স্থায়িত্বশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জলবায়ু পরিবর্তন মোকাবিলায় এ তিনটি বিষয়ের ওপর জোর দিয়ে বলেন, বৈশ্বিক উষ্ণায়নে কৃষি উৎপাদন (১১-এর পৃষ্ঠার ১ কলাম)

কাজ করতে হবে

(১২ পৃ: ৩-এর ক: পর)

হাস পাবে, জীবন-জীবিকা বিপন্ন হবে।

সভাপতির বক্তব্যে ড. রেহমান সোবহান বলেন, আমরা গত ৩০ বছর ধরে বুড়িগঙ্গা নদীকে দূষণমুক্ত করার কথা বলছি, কিন্তু দূষণ বন্ধ হয়নি। এখনো চলছে। হাজারীবাগ থেকে ট্যানারি সরানো নিয়ে আরেকটি নাটক আমরা দেখছি। ট্যানারিগুলো তাদের বর্জ্য ফেলে পরিবেশ দূষিত করছে। তাদের এখনো সরানো যাচ্ছে না। বাংলাদেশের পরিবেশের জন্য এই তিনটি বিষয় বড় চ্যালেঞ্জ। তিনি জলবায়ু পরিবর্তন মোকাবিলাবে অনেক বড় চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করেন।